বার্ষিক প্রতিবেদন
২০২১-২০২২

বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি)

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

বার্ষিক প্রতিবেদন
২০২১-২০২২

বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি)

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

www.brtc.gov.bd

বার্ষিক প্রতিবেদন
২০২১-২০২২

নির্দেশনায়
জনাব মোঃ তাজুল ইসলাম (অতিরিক্ত সচিব)
চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন

সার্বিক তত্ত্বাবধানে
জনাব বিষ্ণু কুমার সরকার (উপসচিব)
পরিচালক (প্রশাসন), বিআরটিসি

সম্পাদনা কমিটি
জনাব মোঃ আমজাদ হোসেন (উপসচিব), জেনারেল ম্যানেজার (হিসাব), বিআরটিসি।
জনাব মোহাম্মদ সাইদুর রহমান (উপসচিব), জেনারেল ম্যানেজার (প্রশাসন ও পার্সোনেল), বিআরটিসি।
জনাব মোঃ গোলাম সারোয়ার রানা, সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা, বিআরটিসি।
জনাব মাহমুদ আহমাদ মারুফ, ট্রাফিক ইন্সপেক্টর, বিআরটিসি।

প্রকাশক
বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন

প্রকাশকাল
১৫ অক্টোবর ২০২২খ্রিঃ

প্রচ্ছদ
মাহমুদ আহমাদ মারুফ, ট্রাফিক ইন্সপেক্টর, বিআরটিসি।

স্বত্ব
বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন

যোগাযোগ
ফোন নম্বর: ০২-৪১০৫১৩৩৭ ও ০২-৪১০৫১৩৪৮

ই-মেইল
chairman@brtc.gov.bd

ফেইসবুক
https:// www.facebook.com/people/বাংলাদেশ-সড়ক-পরিবহন-কর্পোরেশন/100070860555760/

মুদ্রণ
আগামী প্রিন্টিং এন্ড পাবলিশিং কোং
২৭ বাবুপুরা, নীলক্ষেত, ঢাকা। ফোন: ০১৯৭১-১১৮২৪৩

সূচিপত্র

ক্রমিক	বিষয়	পৃষ্ঠা নং
১	ভূমিকা, রূপকল্প ও অভিলক্ষ্য	১
২	রাজস্ব আয়	১
৩	বার্ষিক উন্নয়ন কর্মসূচী	১
৪	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি	২
৫	মানব সম্পদ উন্নয়ন	২-৩
৬	অভ্যন্তরীন প্রশিক্ষণ	
৭	অপারেশন বিভাগ	
৮	হিসাব বিভাগ	
৯	বাসের আয়-ব্যয়ের তথ্য	
১০	ট্রাকের আয়-ব্যয়ের তথ্য	
১১	স্থাপনা, স্টোরের যন্ত্রাংশ ক্রয় ও প্রধান কার্যালয়ের আয়-ব্যয়ের তথ্য	
১২	সিপিএফ, গ্র্যাচুইটি ও ছুটিনগদায়ন	
১৩	কারিগরী বিভাগ	
১৪	যানবাহন মেরামত	
১৫	পুরাতন যানবাহন নিলাম ঘোষণা	
১৬	প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য	
১৭	অবকাঠামোগত উন্নয়ন	
১৮	২০২১-২০২২ অর্থবছরে বিআরটিসি কার্যক্রম (বাস ডিপো, ট্রাক ডিপো, বাস বহর, ট্রাক বহর, সিটি বাস সার্ভিস, চক্রাকার বাস সার্ভিস, আন্তঃজেলা বাস সার্ভিস, আন্তর্জাতিক বাস সার্ভিস, স্টাফ বাস সার্ভিস, মহিলা বাস সার্ভিস, স্কুল/কলেজ বাস সার্ভিস ও ঢাকা নগর পরিবহন)	
১৯	গুলিস্তান ফুলবাড়িয়াস্থ সিবিএস-২ এ ডিজিটাল কাউন্টার উদ্বোধন	
২০	শুদ্ধাচার পুরস্কার প্রদান	
২১	২০২১-২০২২ অর্থবছরে বিআরটিসির অর্জন	
২২	বিশেষ সেবা	
২৩	বিআরটিসির বিভিন্ন দিবস উদযাপন	
২৪	তেলের মূল্য বৃদ্ধি করা হলেও পূর্ব নির্ধারিত ভাড়াতেই সারাদেশে বিআরিটিসির যাত্রী ও পণ্য পরিবহন সেবা অব্যাহত	
২৫	শিক্ষার্থীদের জন্য বিআরিটিসির বাসে হাফ ভাড়া আদায়	
২৬	সরকারি পরিবহন পুল হতে ২৯টি কার/জীপ প্রাপ্তি	
২৭	এসি বাসে WiFi সংযোগ প্রদান	
২৮	কেন্দ্রীয় প্রশিক্ষণ ইনস্টিটিউট, গাজীপুর এর প্রশিক্ষণ কক্ষ আধুনিকায়ন	
২৯	গাজীপুর বাস ডিপোর মূল ফটক আধুনিকায়ন ও ডিজেল পাম্প স্থাপন	
৩০	বিআরটিসি অফিসার্স ওয়েল ফেয়ার এসোসিয়েশনের কার্যনির্বাহি পরিষদ গঠন	
৩১	স্বাস্থ্য চিকিৎসকের তথ্য	
৩২	সড়ক পরিবহন আইন ২০১৮ অনুযায়ী বিআরটিএর মামলার তথ্যাদি	
৩৩	আয়-ব্যয় সংক্রান্ত তথ্য	
৩৪	সড়ক পরিহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী প্রধান কার্যালয়ের ভবন আধুনিকায়নের	
৩৫	শুভ উদ্বোধন এবং কর্মকর্তা-কর্মচারীদের দিকনির্দেশনা প্রদান করেন।	
৩৬	বিআরটিসি'র সক্ষমতা বৃদ্ধি ও শুদ্ধাচার বিষয়ক কর্মশালা।	
৩৭	কর্মশালার গুরুত্বপূর্ণ সুপারিশসমূহ	
৩৮	বিআরটিসির পরিচালনা পর্ষদের ২৯১তম (সড়ক পরিবহন আইন ২০২০ অনুযায়ী ৩য়) সভার গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ	
৩৯	বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক ২০২২- এ বিআরটিসি	
৪০	২০২১-২২ অর্থ বছরে বিআরটিসি'র শুদ্ধাচার পুরস্কার গ্রহণকারী কর্মকর্তা-কর্মচারীদের নামের তালিকা	
৪১	বিশেষ মেধা এবং উন্নয়নমূলক কর্ম সম্পাদনের নিমিত্ত পুরস্কার প্রাপ্তদের নামের তালিকা	
৪২	অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের গ্রাচুইটি, সিপিএফ ও ছুটিনগদায়নের অর্থ অনলাইনে প্রদান	
৪৩	মহিলাদের আন্তর্জাতিক মানের প্রশিক্ষণ প্রদান	
৪৪	যানজট নিরসনে বিআরটিসি ও সিটি কর্পোরেশনের মধ্যে সমঝোতা স্মারক (MoU)	
৪৫	বিআরটিসি চালক ও কারিগরদের ডোপ টেস্ট কার্যক্রম গ্রহণ	
৪৬	পবিত্র ঈদুল ফিতর ২০২২ উপলক্ষ্যে বিআরটিসির গৃহীত কার্যক্রম	
৪৭	অফিস সহকারি কাম কম্পিউটার অপারেটর নিয়োগ প্রদান	
৪৮	প্রধান কার্যালয়সহ সকল ডিপো/ইউনিটে ইফতার পার্টি ও দোয়া মাহফিলের আয়োজন	
৪৯	বিআরটিসির সকল ডিপো/ইউনিটের ওয়েব সাইট চালুকরণ	
৫০	সকল ডিপোতে র‍্যাম্প নির্মাণ কার্যক্রম	
৫১	বিআরটিসির সকল ডিপোর গাড়ী (রুটে পরিচালিত বাস ও স্টাফ বাস) এর মেরামত কার্যক্রম	
৫২	পদ্মা সেতু দিয়ে দক্ষিনাঞ্চলের বিভিন্ন জেলায় বিআরটিসি কর্তৃক পরিচালিত রুটের তথ্য	
৫৩	বিআরটিসির ডিজিটাল কার্যক্রম সম্প্রসারণ	
৫৪	ত্রৈমাসিক সমাচার	
৫৫	আলোক চিত্রে বিআরটিসি	
৫৬	ভবিষ্যত পরিকল্পনা ও চ্যালেঞ্জসমূহ	
৫৭	ডিপোসমূহ	



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

ওবায়দুল কাদের, এমপি
মন্ত্রী
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

..... জুন ২০২২

বাণী

একটি প্রতিষ্ঠানের কার্যক্রমের মানদন্ড পর্যবেক্ষণ করতে হলে প্রতিষ্ঠানের সার্বিক বিষয়ে জানতে হবে। এ জানার জন্য বার্ষিক প্রতিবেদন এক অনন্য ভূমিকা পালন করে। বিআরটিসি ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশ করতে যাচ্ছে জেনে আমি আনন্দিত।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রত্যক্ষ দিক নির্দেশনায় স্বাধীনতা অর্জনের পর একটি আধুনিক সড়ক পরিবহন ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে বিআরটিসি নতুন মাত্রা পায়। গণপরিবহন সেবায় বিআরটিসি হবে দেশের রোল মডেল; দক্ষ চালক তৈরিতেও বিআরটিসিকে অগ্রণী ভূমিকা পালন করতে হবে। বিআরটিসিকে সুনামের ধারায় ফিরিয়ে আনতে বর্তমান সরকার নতুন বাস, ট্রাক ও ট্রেনিং কার প্রদান করেন।

২০২১-২০২২ অর্থবছরে বিআরটিসি'র কর্মকর্তা-কর্মচারীদের কর্মদক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি পাওয়ায় এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের দিকনির্দেশনা যথাযথভাবে অনুসরণ করায় বিআরটিসি একটি লাভজনক প্রতিষ্ঠানে রূপান্তরিত হয়। এরই ধারাবাহিকতায় বিআরটিসির ইতিহাসে এই প্রথম প্রিন্ট ও ইলেক্ট্রনিক্স মিডিয়ায় সরকারের সর্বোচ্চ মহল কর্তৃক বিআরটিসির প্রশংসা করায় আমি আনন্দিত হয়েছি। বর্তমানে বিআরটিসির কর্মকর্তা-কর্মচারীদের দাপ্তরিক কর্মকান্ডের সকল ক্ষেত্রেই সক্ষমতা বৃদ্ধি পেয়েছে, এ ধারা অব্যাহত রাখতে হবে এবং প্রজাতন্ত্রের সেবক হিসেবে সর্বাগ্রে জনসাধারণের সেবাকে প্রধান্য দিতে হবে।

বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি) এর "বার্ষিক প্রতিবেদন ২০২১-২০২২" প্রকাশে সংশ্লিষ্ট সকলকে শুভেচ্ছা ও ধন্যবাদ জ্ঞাপন করছি।

(ওবায়দুল কাদের, এমপি)

এ বি এম আমিন উল্লাহ নুরী
সচিব
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি) রাষ্ট্রীয় পরিবহন সংস্থাটি ১৯৬১ সালে প্রতিষ্ঠিত হয়। একটি দেশ ও জাতির উন্নয়ণ সাধনে অন্যতম কর্মকান্ড হচ্ছে যোগাযোগ ব্যবস্থা। যে দেশের যোগাযোগ ব্যবস্থা যত উন্নত হয় সে দেশের সামগ্রিক উন্নয়ণ তত দ্রুত সাধিত হয়। স্বাধীনতা যুদ্ধের পর বেহাল এই প্রতিষ্ঠানটি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নির্দেশনায় আধুনিক ও যোগপোযুগী করার লক্ষ্যে নুতন আঙ্গীকে যাত্রা শুরু করেন।

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) মোতাবেক সরকারি সকল প্রতিষ্ঠানের বার্ষিক প্রতিবেদন প্রকাশ করতে হবে। এরই ধারাবাহিকতায় বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি) বার্ষিক প্রতিবেদন ২০২১-২০২২ প্রকাশ করতে যাচ্ছে। এ প্রতিবেদনের মাধ্যমে প্রতিষ্ঠানের সঠিক চিত্র সম্পর্কে জনসাধারণ জানতে পারবে। বিআরটিসির এই উদ্যোগের প্রসংশা করছি।

“সোনার বাংলা বিনির্মানে” বিআরটিসিকে ডিজিটাল প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে আধুনিক ও উন্নত সেবা নিশ্চিত এবং যাত্রী সেবার মান আরো উন্নত ও সহজ করতে হবে। বিআরটিসিকে লাভজনক প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার জন্য টেকসই পরিকল্পনা গ্রহণ করতে হবে।

২০২১-২০২২ অর্থবছরের বিআরটিসির সার্বিক কার্যক্রমে বিচার বিশ্লেষণপূর্বক বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক ২০২২ প্রদানে লক্ষ্যে বিআরটিসির আবেদন জাতীয় কমিটিতে উপস্থাপন, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের মধ্যে এপিএ-তে বিআরটিসি ১ম স্থান অর্জন করেছে; ২০২১-২০২২ অর্থবছরে কর্ম দক্ষতার স্বীকৃতি স্মরূপ বিআরটিসির চেয়ারম্যানকে শুদ্ধাচার পুরস্কার প্রদান করাসহ বিআরটিসি’র সার্বিক কার্যক্রমে আমি অভিভূত হয়েছি।

বিআরটিসি’র “বার্ষিক প্রতিবেদন ২০২১-২০২২” প্রকাশের সাথে সম্পৃক্ত সকলকে ধন্যবাদ জানাই।

(এ বি এম আমিন উল্লাহ নুরী)

মোঃ তাজুল ইসলাম
(অতিরিক্ত সচিব)
চেয়ারম্যান
বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন

চেয়ারম্যানের বক্তব্য

বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি) এর প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের সকল ডিপো/ইউনিটের বার্ষিক প্রতিবেদন ২০২১-২০২২ প্রকাশ করতে যাচ্ছে। এ প্রতিবেদনের মাধ্যমে সার্বিক কার্যক্রম তুলে ধরা এবং স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা সম্ভব হয় এবং বিআরটিসি ও নিয়ন্ত্রণাধীন মাঠ পর্যায়ের প্রতিষ্ঠানের কার্যক্রম সম্পর্কে জানা যায়। তাদের এই মহিত উদ্যোগকে স্বাগত জানাই।

বিআরটিসি রাষ্ট্রীয় পরিবহন সংস্থাটি ১৯৬১ সালে প্রতিষ্ঠিত হয়। স্বাধীনতা অর্জনের পর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রত্যক্ষ দিক নির্দেশনায় একটি আধুনিক সড়ক পরিবহন ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে বিআরটিসি নতুন উদ্যোমে পুনঃযাত্রা শুরু করেন। বর্তমানে বিআরটিসি ১৬০০টি বাস, ৫৮৮টি ট্রাক, ২২টি বাস ডিপো, ২টি ট্রাক ডিপো, ২টি যানবাহন মেরামত কারখানা, ৪টি প্রশিক্ষণ ইনস্টিটিউট এবং ১৯ টি প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে সারা দেশে সেবা কার্যক্রম পরিচালনা করছে।

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের দিক নির্দেশনায় এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মানিত সচিব মহোদয়ের নেতৃত্বে এ প্রতিষ্ঠানের কাজের পরিধি বহুলাংশে বৃদ্ধি করা হয়েছে। বিআরটিসি প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের সকল ইউনিটের কার্যক্রম কর্তৃপক্ষের তীক্ষ্ণ নজরদারি ও বিআরটিসিতে কর্মরত কর্মকর্তা-কর্মচারিদের অক্লান্ত পরিশ্রমের মাধ্যমে প্রতিষ্ঠানের সক্ষমতা, কার্যকারিতা ও রাজস্ব আয় বৃদ্ধি পেয়েছে।

পরিশেষে বিআরটিসি প্রধান কার্যালয়ের “বার্ষিক প্রতিবেদন ২০২১-২০২২” প্রকাশে দায়িত্ব প্রাপ্ত সকলকে আমি সর্বান্ত করণে ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করছি।

(মোঃ তাজুল ইসলাম)

ভূমিকা

১৯৬১ সালে প্রতিষ্ঠিত বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি) একমাত্র রাষ্ট্রীয় সড়ক পরিবহন সংস্থা। প্রতিষ্ঠালগ্ন থেকে যাত্রীসেবা ও পণ্য পরিবহন এবং দক্ষ চালক ও কারিগর তৈরীতে এ সংস্থাটি ইতিবাচক ভূমিকা পালন করে আসছে। বিআরটিসি বাস এবং ট্রাক পরিচালনার মাধ্যমে নিরাপদে ও সাশ্রয়ী মূল্যে যাত্রী ও পণ্য পরিবহন সেবার খাতে অনন্য অবদান রেখে চলেছে। পাশাপাশি প্রশিক্ষণ ইনস্টিটিউট এবং প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে দক্ষ চালক ও কারিগর তৈরীর মাধ্যমে দেশে দক্ষ জনশক্তি তৈরীতে বিআরটিসি অনন্য ভূমিকা রাখছে।

রূপকল্প

নিরাপদ ও আধুনিক রাষ্ট্রীয় সড়ক পরিবহন ব্যবস্থা গড়ে তোলা।

অভিলক্ষ্য

* যাত্রী পরিবহন সুবিধা বৃদ্ধি করা ।
* ডিপোর বহরে আধুনিক যানবাহন সংযোজন করা।
* পরিবহন খাতে দক্ষ জনবল সৃষ্টি করা।
* নির্ভরযোগ্য পরিবহন ব্যবস্থা গড়ে তোলা এবং দেশের আর্থ-সামাজিক উন্নয়নে ভূমিকা রাখা।

রাজস্ব আয়

যাত্রী পরিবহন ও পণ্য পরিবহনের মাধ্যমে বিআরটিসি ২০২১-২২ অর্থবছরে ৪৫৭.২৭ কোটি টাকা রাজস্ব আয় করেছে এবং কর্পোরেশনের কর্মকর্তা কর্মচারীদের বেতনভাতা ও পরিচালন ব্যয় বাবদ ৪১২.৬৪ কোটি টাকা ব্যয় করা হয়েছে। উদ্বৃত্ত ৪৪.৬৩ কোটি টাকা হতে অবসরপ্রাপ্ত কর্মকর্তা কর্মচারীদের গ্রাচুয়েটি প্রদান ও অবকাঠামোগত উন্নয়নমূলক কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

বার্ষিক উন্নয়ন কর্মসূচী

২০২১-২২ অর্থ বছর বিআরটিসি কর্তৃক সরকারের নিজস্ব অর্থায়নে (জিওবি) ৫২০৯.২৫ লক্ষ টাকা ব্যয় সম্বলিত “দক্ষ চালক তৈরীর লক্ষ্যে প্রশিক্ষণ প্রদানের জন্য বিআরটিসি’র ০৩টি প্রশিক্ষণ ইনস্টিটিউট ও ১৭টি প্রশিক্ষণ কেন্দ্র আধুনিকায়ন ও শক্তিশালীকরণ (২য় সংশোধিত)” শীর্ষক প্রকল্পটি বাস্তবায়নাধীন। ২০২১-২২ অর্থ বছরে বরাদ্দকৃত ১০৮৮.০০ লক্ষ টাকার মধ্যে ৩০শে জুন ২০২২খ্রিঃ পর্যন্ত ৪৩৮.৭৫ লক্ষ টাকা ব্যয় হয়েছে এবং এ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় হয়েছে ২৪১৭.৭৭ লক্ষ টাকা। ইতিমধ্যে ২১টি প্রশিক্ষণ ভবনের মধ্যে ১৯টির কাজ সম্পন্ন হয়েছে। ২টি ভবন নির্মাণের কাজ এখনও শুরু হয়নি। ২৫টি কেন্দ্রে ষ্টুডেন্ট ফার্নিচার, চেয়ার, হোয়াইট বোর্ড, লেকচার ডেক্স এবং ২৫ সেট অফিস ফার্নিচার চেয়ার, টেবিল, আলমিরা সরবরাহ করা হয়েছে। ৯০টি কারের মধ্যে ৬২টি কার এবং ৪টি বাসের মধ্যে ৪টি বাস মেরামত করা হয়েছে। প্রকল্পের সার্বিক অগ্রগতি ৪৪.২৫ শতাংশ। ডিসেম্বর/২০২২খ্রিঃ এ প্রকল্পটি সমাপ্তির জন্য নির্ধারিত আছে।

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

বিগত বছরের ধারাবাহিকতায় ২৭ জুন ২০২১ তারিখে বিআরটিসি'র অধীনস্থ ডিপো, প্রশিক্ষণ ইনস্টিটিউট, প্রশিক্ষণ সেন্টারসমূহের ইউনিট প্রধানদের সাথে বিআরটিসি'র চেয়ারম্যান এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়। ২০২১-২২ অর্থবছরে বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের স্কোর ছিল ১০০ নম্বর। তন্মধ্যে কৌশলগত উদ্দেশ্যসমূহের স্কোর ছিল ৭০ নম্বর। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২২ এর কৌশলগত উদ্দেশ্যসমূহের লক্ষ্যমাত্রা অর্জনের চিত্র নিম্নরূপ:

ক্রম	কর্মসম্পাদন সূচক	একক	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২	অর্জন
			১০০%	১০০%
১	পরিবহনকৃত যাত্রী	সংখ্যা (লক্ষ)	৫০০	৫১০
২	পরিবহনকৃত পণ্য	পরিমাণ (হাজার টন)	৫৫০	৮৯০
৩	বিআরটিসি'র নিজস্ব সংগৃহিত রাজস্ব	টাকা (কোটি)	৩৮০	৪৪০
৪	প্রশিক্ষণ প্রদত্ত জনবল	সংখ্যা	৮০০০	১৮৬০০
৫	ডিজিটালাইজেশনকৃত ডিপো	সংখ্যা	৮	৮টি
৬	নিরীক্ষাকৃত ডিপো	সংখ্যা	২৭	২৭টি
৭	আয়োজনকৃত গণশুনানী	সংখ্যা	৪	৪
৮	প্রশিক্ষণ প্রদত্ত কর্মচারী	সংখ্যা	১০০	১০০ জন
৯	মেরাতমকৃত অবানিজ্যিক গাড়ী	সংখ্যা	৫০০০	৫১০০
১০	অকেজো ঘোষণাকৃত গাড়ি	সংখ্যা	৩০	২০০টি

মানব সম্পদ উন্নয়ন

বিআরটিসি'র অনুমোদিত মোট পদ ৫৪৬৯টি। তন্মধ্যে ২৪৬১টি শূন্য পদের বিপরীতে ২০২১-২২ অর্থ বছরে হিসাবরক্ষণ কর্মকর্তা ০৩ জন, ডেপুটি ম্যানেজার (টেকনিক্যাল) ০৬ জন, কারিগর ৭৬ জন, চালক গ্রেড-সি ১০২ জন, নিরাপত্তা প্রহরী ৩৫ জন ও কম্পিউটার অপারেটর ১৭ জনসহ সর্বমোট ২৩৯ জন কর্মকর্তা/কর্মচারী নিয়োগ দেয়া হয়েছে। কন্ডাক্টর-ডি (কাউন্টারম্যান) ৩০০টি শূন্য পদে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। ক্রয় কর্মকর্তা, জনসংযোগ কর্মকর্তা, সহকারী প্রশাসনিক কর্মকর্তা, উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), উপ-সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল), সাঁট লিপিকার, ইলেক্ট্রিশিয়ান (নির্মাণ), এস্টিমেটর (সিভিল), সহকারী নকশাকারী/ড্রাফটসম্যান, আমিন, বিল সহকারী, টেলিফোন অপারেটর, ষ্টোরম্যান, পিওএল এটেন্ডেন্ট, পরিচ্ছন্নতা কর্মী মোট ১৪ টি ক্যাটাগরিতে ৯৩ টি পদে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), উপ-সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল) পদে লিখিত পরীক্ষা সম্পন্ন হয়েছে। আরো ১০০ জন চালক নিয়োগের কার্যক্রম চলমান রয়েছে। নিম্নে চিত্রের মাধ্যমে উপস্থাপন করা হলো।



অভ্যন্তরীণ প্রশিক্ষণ

জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনায় প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীকে বছরে ন্যূনতম ৬০ ঘণ্টা অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদানের বাধ্যবাধকতা রয়েছে। এরই ধারাবাহিকতায় ২০২১-২২ অর্থবছরে শুদ্ধাচার, এপিএ, তথ্য অধিকার, সেবা প্রদান প্রতিশ্রুতি, জিআরএস, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, কম্পিউটার অপারেটরদের ওরিয়েন্টেশন, ডেপুটি ম্যানেজার হিসাব অফিসার ও অন্যান্য কর্মকর্তাদের সার্বিক বিষয়াদি সংক্রান্ত, ডিপো ইউনিটের অফিস এ্যাডমিনদের ওয়েবসাইট সংক্রান্ত, এপিএএমএস সফটওয়্যার বিষয়ে ৩৮টি প্রশিক্ষণে ১১০১ জন কর্মকর্তা-কর্মচারীদের অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

অপারেশন বিভাগ

অপারেশন বিভাগের অন্যতম সেবা হচ্ছে যাত্রী পরিবহন ও পণ্য পরিবহন। ২২টি বাস ডিপোর মাধ্যমে যাত্রী পরিবহন করা হয় এবং ২টি ট্রাক ডিপোর মাধ্যমে পণ্য পরিবহন করা হয়। সারাদেশে ২১৩টি রুটে যাত্রী পরিবহন করা হচ্ছে। ২০২১-২২ বাস পরিচালনার তথ্য উপস্থাপন করা হ'ল।

মাসের নাম	মোট বাস	সচল বাস	নির্ধারিত রুটে চলমান বাস	মন্তব্য
জুলাই ২০২১	১৭৬২	১২৪৪	৯৮০	হালকা ও রানিং মেরামতে থাকায় সকল বাস অনরুট করা সম্ভব হয় না।
আগষ্ট ২০২১	১৭৬২	১২৫১	৯৮৭	
সেপ্টেম্বর ২০২১	১৭৬২	১২৯০	৯৯২	
অক্টোবর ২০২১	১৭৬২	১২৬৬	১০৫১	
নভেম্বর ২০২১	১৭৬২	১২৬০	১০৭৭	
ডিসেম্বর ২০২১	১৭৬২	১২৩৬	১০৭৮	
জানুয়ারি ২০২২	১৬১১	১২৩৩	১০৩১	
ফেব্রুয়ারি ২০২২	১৬১১	১২২৩	১১০২	
মার্চ ২০২২	১৬১১	১২০৬	১১৮০	
এপ্রিল ২০২২	১৬১১	১২০৬	১১২০	
মে ২০২২	১৬০০	১২৩৩	১১২২	
জুন ২০২২	১৬০০	১২৩৪	১১০৮	

বর্তমানে ১২৩৫টি সচল বাস নির্ধারিত রুটে চলাচল করছে। রুটভিত্তিক আয়-ব্যয় মনিটরিং করার পাশাপাশি অলাভজনক রুটে গাড়ী চালাতে নিরুৎসাহিত করা হয়। পণ্য পরিবহনে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে সার্বক্ষণিক যোগাযোগের মাধ্যমে ট্রাকের সংখ্যা বৃদ্ধি এবং নতুন নতুন প্রতিষ্ঠানের পণ্য পরিবহনে চুক্তিবদ্ধ হওয়ায় যাত্রী ও পণ্য পরিবহন সেবার মান বৃদ্ধি ও ব্যয় সংকোচনের মাধ্যমে রাজস্ব আয় বৃদ্ধি পেয়েছে।

হিসাব বিভাগ

একটি প্রতিষ্ঠানকে স্বচ্ছতা, জবাবদিহিতা ও শৃংখলা মোতাবেক পরিচালিত করতে হিসাব বিভাগের কার্যক্রম অপরিসীম। বিআরটিসিকে আয় করে ব্যয় নির্বাহ করতে হয়। আর্থিক ব্যবস্থা যত শক্তিশালী হবে একটি প্রতিষ্ঠানের সক্ষমতা তত বৃদ্ধি পাবে। বর্তমান চেয়ারম্যান মহোদয় ইউনিটের ব্যয় নির্বাহের জন্য বাজেট ব্যবস্থা চালু করেন। প্রত্যেক মাসে অগ্রীম পরবর্তী মাসের সম্ভাব্য বাজেট উপস্থাপন করার নির্দেশনা দিয়েছেন। এ নির্দেশনার আলোকে ইউনিট প্রধানগণ পরবর্তী মাসে খাত ওয়ারি বাজেট উপস্থাপন করছেন। এতে আর্থিক ব্যবস্থাপনা শক্তিশালী ও যৌক্তিক হয়েছে। ২০২১-২২ অর্থবছরে রাজস্ব আয় হয়েছে ৪৫৭.২৭ কোটি টাকা, ব্যয় হয়েছে ৪১২.৬৪ কোটি টাকা এবং উদ্বৃত্ত হয়েছে ৪৪.৬৩ কোটি টাকা। নিম্নে বাস ও ট্রাকের আয়-ব্যয়ের চিত্র উপস্থাপন করা হ'ল।

(ক) বাসের আয়-ব্যয়ের চিত্র:



(খ) ট্রাকের আয়-ব্যয়ের চিত্র:



(গ) স্থাপনা ও স্টোরের যন্ত্রাংশ ক্রয় বাবদ ২০২১-২০২২ অর্থ বছরের আয় ও প্রধান কার্যালয়ের ব্যয়ের চিত্র:



সিপিএফ/ গ্র্যাচুইটি/ ছুটিনগদায়ন

বর্তমান চেয়ারম্যান মহোদয়ের নির্দেশনায় ২০২১-২২ অর্থবছরে বিআরটিসি'র নিজস্ব আয় হতে অনলাইনে ঘরে বসেই অবসর প্রাপ্ত ৫৭১জন কর্মকর্তা-কর্মচারিদের সিপিএফ/ গ্র্যাচুইটি/ ছুটিনগদায়ন পাওনা বাবদ ২০ কোটি ১১লক্ষ টাকা পরিশোধ করার মাধ্যমে কর্মকর্তা-কর্মচারিদের হয়রানি শূণ্যের কোঠায় নিয়ে আনা হয়েছে।



কারিগরী বিভাগ

যানবাহন হালকা ও ভারী মেরামতপূর্বক সচল করে বিআরটিসির বাস ও ট্রাক বহর শক্তিশালী করা কারিগরী বিভাগের অন্যতম কাজ। এছাড়াও ড্রাইভিং প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দেশে দক্ষ চালক তৈরিতে কারিগরী বিভাগ অগ্রণী ভূমিকা পালন করছেন।

(ক) যানবাহন মেরামত

বিআরটিসিতে হালকা ও ভারী উভয় ধরণের যানবাহন মেরামত করা হয়। বর্তমান চেয়ারম্যান মহোদয়ের সুস্পষ্ট নির্দশনার মাধ্যমে গাড়ীর নম্বর অনুসারে মেরামত বাজেট প্রদানের পদক্ষেপ গ্রহণ করেছেন। এছাড়া সকল সচল (অনরুট) গাড়ীর চিত্রসহ ডাটাবেজ তৈরি করা হয়েছে। এর মাধ্যমে কারগরী বিভাগের দক্ষতা বহুলাংশে বৃদ্ধি পেয়েছে। এছাড়া ইউনিট প্রধানদের প্রত্যেকটি গাড়ী নিয়মিত মনিটরিং করতে হচ্ছে। কোন হালকা মেরামত যোগ্য গাড়ী ভারী মেরামতে যাওয়ার ১মাস পূর্বে ইউনিট প্রধান ও প্রধান কার্যালয়কে অবহিত করতে হবে। এ সকল নির্দেশনার কারনে গাড়ীর রক্ষণাবেক্ষণ/যত্ন পূর্বের যে কোন সময়ের তুলনায় বেশী হচ্ছে। নিম্নে মেরামতের চিত্র উপস্থাপন করা হ'ল।



(খ) পুরাতন গাড়ী নিলাম ঘোষণা

পুরতান অকেজো গাড়ী ডিপোতে পরে থাকার কারণে নুতন বাস রাস্তায় রাখতে হতো। এতে নতুন বাসগুলির রক্ষণাবেক্ষণ যথাযথভাবে করা সম্ভব হয়নি। বর্তমান চেয়ারম্যান মহোদয়ের সময়ে পুরাতন গাড়ী নিলাম বিক্রয়ের দৃঢ় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। ২০২১-২২ অর্থবছরে ২৬০টি গাড়ী নিলামে বিক্রয় করা হয়েছে। এর ফলে ডিপোর অনেক জায়গা খালি হয়েছে এবং নতুন গাড়ীগুলো ডিপোতে রাখা সম্ভব হচ্ছে। এর মাধ্যমে গাড়ী রক্ষণাবেক্ষণে বিআরটিসি'র সক্ষমতা অনেক বৃদ্ধি পেয়েছে।

প্রশিক্ষণ

বিআরটিসির সক্ষমতা বৃদ্ধির একটি প্রকৃষ্ট উদাহরণ হচ্ছে প্রশিক্ষণ কার্যক্রম। যাত্রী এবং পণ্য পরিবহনের পাশাপাশি ড্রাইভিং প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ জনশক্তি তৈরীতে বিআরটিসি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। ২০২১-২২ অর্থবছরে করোনা প্রাদুর্ভাবের কারনে প্রশিক্ষণ কার্যক্রম বাঁধাগ্রস্থ হলেও বর্তমান চেয়ারম্যান মহোদয়ের যুগোপযুগী ও বহুমুখী সিদ্ধান্তের ফলে প্রশিক্ষণের ক্ষেত্রে অনেক গতি সঞ্চার হয়েছে। এ অর্থবছরে পুরুষ ১২১৮৭জন এবং মহিলা ২৬০৭জন প্রশিক্ষণার্থী মোট ১৪৭৯৪ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। নিম্নে প্রশিক্ষণের চিত্র উপস্থাপন করা হ'ল।



নিজেস্ব প্রশিক্ষণের পাশাপাশি SEIP প্রকল্পের মাধ্যমে ১০,৫৮৩ জন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া, পদ্মা সেতু প্রকল্প, মহিলা বিষয়ক অধিদপ্তর, বাংলাদেশ পুলিশ একাডেমী, জয়ীতা ফাউন্ডেশন, বাংলাদেশ পুলিশ একাডেমী, আনসার ও ভিডিপি, প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ, বিয়াম ফাউন্ডেশন, বিপিএটিসি সাভার, বার্ড, আর ডি এ বগুড়া, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমী (নাটা), যুব উন্নয়ন অধিদপ্তরর, জেলা পরিষদ, নায়েম, ঢাকা সিটি কর্পোরেশন, ইউসেফ এর ৭,৩৯২ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ২০২১-২২ অর্থবছরে বিভিন্ন প্রতিষ্ঠানে চালক প্রশিক্ষণের তথ্য নিম্নরূপ:

প্রতিষ্ঠানের নাম	প্রশিক্ষণার্থীর সংখ্যা
SEIP প্রকল্প	১০৩৪৩
প্রশিক্ষকদের প্রশিক্ষণ	২৪০
মহিলা বিষয়ক অধিদপ্তর	৮২৮
পদ্মা সেতু প্রকল্প	৪৫৪
আনসার ও ভিডিপি	২২৮২
জয়ীতা ফাউন্ডেশন	৪১৮
বাংলাদেশ পুলিশ একাডেমী	১৫০
জেলা পরিষদ	২০৪
বিয়াম ফাউন্ডেশন	১২০
বিপিএটিসি সাভার	৫৯২
জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমী (নাটা)	১১৩
টেলিযোগাযোগ স্টাফ কলেজ	৮৪
বার্ড	৩০২
কুমিল্লা বার্ড	১০০
আর ডি এ বগুড়া	৮০
লেডিস ক্লাব (ঢাকা, মিরপুর, সাভার সেনানিবাস)	৮৪
HILIP প্রকল্প	১৫৯
নায়েম	৭২৬
ঢাকা সিটি কর্পোরেশন	১০০
নেভী	১২৮
পরিকল্পনা উন্নয়ন একাডেমী	১৬০
যুব উন্নয়ন	৮০
ইউসেফ	২২৮
সর্বমোট	**১৭৯৭৫**

নিম্নে SEIP প্রকল্প, মহিলা বিষয়ক অধিদপ্তর, পদ্মা সেতু প্রকল্প, বাংলাদেশ পুলিশ একাডেমী, জয়ীতা ফাউন্ডেশনের প্রশিক্ষণার্থীদের ২০২১-২২ অর্থবছরের প্রশিক্ষণের তথ্য চিত্রের মাধ্যমে উপস্থাপন করা হ'ল।



ভৌত অবকাঠামোগত উন্নয়ন

বর্তমান চেয়ারম্যান মহোদয়ের প্রত্যক্ষ নির্দেশনায় প্রধান কার্যালয়সহ সকল ডিপো/ইউনিটের ভবন, গেইট আধুনিকায়ন ও দৃষ্টিনন্দন করা হয়েছে। নিম্নে ভৌত অবকাঠামোগত উন্নয়নের চিত্র উপস্থাপন করা হ'ল।

প্রধান কার্যালয়ের বর্তমান চিত্র



প্রধান কার্যালয়ের বর্তমান চিত্র

প্রধান কার্যালয়ের কনফারেন্স রুমের বর্তমান চিত্র



কেন্দ্রীয় প্রশিক্ষণ ইনস্টিটিউট, গাজীপুর এর বর্তমান চিত্র

ঢাকা ট্রাক ডিপো এর বর্তমান চিত্র

২০২১-২২ অর্থবছরে বিআরটিসির কার্যক্রম

২০২১-২০২২ অর্থ-বছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়নের নিমিত্ত বিআরটিসি'র উল্লেখযোগ্য কার্যক্রম নিম্নরুপ:

বাস ডিপো

বর্তমানে বিআরটিসি'তে মোট বাস ডিপোর সংখ্যা ২২টি। দিনাজপুর বাস ডিপোর নিয়ন্ত্রণে বাংলাবান্ধা ও বগুড়া বাস ডিপোর নিয়ন্ত্রণে সিরাজগঞ্জ সাব ডিপো চালুর কার্যক্রম প্রক্রিয়াধীন।

ট্রাক ডিপো

ঢাকা ও চট্টগ্রামে ২টি ট্রাক ডিপো রয়েছে। ঢাকা, চট্রগ্রাম ট্রাক ডিপোর নিয়ন্ত্রণাধীন বিআরটিসি'র ট্রাক দিয়ে সার, কৃষি উপকরণ, পেপার, ঔষধ ও শুকনা খাবার নিয়মিতভাবে পরিবহন করা হচ্ছে। তাছাড়া দেশের বিভিন্ন দূর্যোগ ও আপদকালীন সময়ে বিআরটিসি'র ট্রাক দিয়ে সাশ্রয়ী ভাড়ায় পণ্য পরিবহন সেবা প্রদান করে থাকে।

বাসবহর

বর্তমানে বিআরটিসি বাসবহরে বিদ্যমান ১৬০০টি বাস রয়েছে, তন্মধ্যে ১১৯৫টি বাস চলমান এবং অবশিষ্ট ৩০০টি বাস নিয়মিতভাবে মেরমতাধীন অবস্থায় থাকবে। এই সচল বাসবহর দিয়ে বিআরটিসি নিয়মিত যাত্রীসেবা প্রদানের পাশাপাশি হরতাল, অবরোধ, প্রাকৃতিক দূর্যোগসহ বিভিন্ন প্রতিকূলতায় যাত্রীসেবা প্রদান করে যাচ্ছে। ২০২১-২২ অর্থবছরে ৫ কোটি ৩ লক্ষ ০৬ হাজার যাত্রী বিআরটিসি'র পরিবহন সেবা গ্রহণ করেছে।

বিআরটিসি'র বাস

ট্রাকবহর

বর্তমানে মোট ৫৮৮টি (বিভিন্ন ট্রেনিং ইনস্টিটিউট এ ট্রেনিং কাজের নিমিত্ত বরাদ্দ ১৭টি ট্রাকসহ) ট্রাক রয়েছে। তম্মধ্যে সচল ট্রাক সংখ্যা ৫০৪টি ও ২৬টি ট্রাক মেরামতপূর্বক সচল করার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। বিআরটিসি'র সচল ট্রাকবহর দিয়ে দেশের প্রত্যন্ত অঞ্চলের সার, কৃষি উপকরন, খাদ্যদ্রব্য, কাগজসহ প্রয়োজনীয় উপকরন সাশ্রয়মূল্যে নিরাপদভাবে পণ্য পরিবহন সেবা দিয়ে আসছে। শুধু তাই নয়, বন্যা, জলোচ্ছাস, ঘূর্নিঝড়সহ দেশের বিভিন্ন দূর্যোগ ও

আপদকালীন সময়ে বিআরটিস ’র সচল ট্রাক দিয়ে সূলভ মূল্যে পণ্য পরিবহনে অনন্য ভূমিকা পালন করে আসছে। ২০২১-২২ অর্থবছরে ৯০৯.১৫ হাজার মেট্রিক টন পণ্য পরিবহন করা হয়েছে।

বিআরটিসির ট্রাক

সিটি বাস সার্ভিস

দেশের সর্ববৃহৎ শহরে যাত্রী সাধারণের চলাচলের সুবিধার্থে বিআরটিসি সচল বাস দিয়ে সিটি সার্ভিস পরিচালনা করছে। সরকার নির্ধারিত ভাড়ায় নিরাপদে ও নিশ্চিন্তে যাত্রীসেবা প্রদানের লক্ষ্যে বিআরটিসি ঢাকা শহরের ৪১টি বিভিন্ন রুটে বিভিন্ন মডেলের ৩০০টি বাস ও চট্টগ্রাম শহরে ১টি রুটে ৯টি দ্বিতল বাস সিটি বাস সার্ভিস হিসেবে পরিচালিত হচ্ছে। এতে শহরের যাত্রীগণ নির্ধারিত ভাড়ায় নিরাপদে ভ্রমন সুবিধা পাচ্ছে।

সিটি সার্ভিস বাস

চক্রাকার বাস সার্ভিস

যাত্রীদের যাতায়াতের সুবিধার্থে বিআরটিসি চক্রাকার বাস সার্ভিস চালু করেছে। একস্থান থেকে অন্যস্থানে সার্ভিসটি চালু করা হয়। শহরের মোহাম্মদপুর-পলাশী, দিয়াবাড়ী-মতিঝিল, উত্তরা খালপার-পঞ্চবটি রুটে বিআরটিসি’র ৭টি দ্বিতল/চায়না বাস দ্বারা চক্রাকার বাস সার্ভিসটি চালু করা হয়েছে।

আন্তঃজেলা বাস সার্ভিস

বিআরটিসি সচল বাস বহর দিয়ে দেশের জেলা/উপজেলাসহ প্রত্যন্ত অঞ্চলেও সুলভ মূল্যে নিরাপদ যাত্রী সেবা প্রদান করছে। সিটি সার্ভিসের পাশাপাশি দেশের ১৬৩টি বিভিন্ন রুটে বিআরটিসি'র বিভিন্ন মডেলের (এসি, নন এসি ও টিসি/টাটা বাস) ৪২০টি বাস চলাচল করছে। তাছাড়া ২৫/০৬/২০২২ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পদ্মা বহুমুখী সেতু উদ্বোধনের প্রেক্ষিতে ১৬/০৬/২০২২ তারিখ হতে ঢাকা হতে স্বপ্নের পদ্মা সেতু দিয়ে দক্ষিণবঙ্গের বিভিন্ন রুটে বিআরটিসি বিভিন্ন মডেলের বাস সার্ভিস চালু করেছে। এতে যাত্রীসাধারণ সরকার কর্তৃক নির্ধারিত ভাড়ায় নিরাপদে গন্তব্যে পৌঁছতে পারছে।

আন্তঃজেলা সার্ভিস বাস

আন্তর্জাতিক বাস সার্ভিস

দেশের ভৌগলিক সীমানা পেরিয়ে বিআরটিসি আন্তাজার্তিক অঙ্গনেও যাত্রীসেবা প্রদানের মাধ্যমে অনন্য ভূমিকা রেখেছে। দেশের অভ্যন্তরে বিআরটিসি বাসের মাধ্যমে যাত্রীসেবা প্রদানের পাশাপাশি প্রতিবেশী দেশ ভারতের সঙ্গে গত ০৯/০৭/১৯৯৯ তারিখ হতে ঢাকা-কোলকাতা-ঢাকা রুটে বিআরটিসি'র ২টি বাস দ্বারা আন্তজার্তিক বাস সার্ভিস চালু করা হয়। পরবর্তীতে যাত্রীসাধারণের চাহিদার প্রেক্ষিতে ক্রমান্বয়ে আগরতলা-ঢাকা-কোলকাতা, ঢাকা-শিলং-গৌহাটি-ঢাকা, ঢাকা-খুলনা-কোলকাতা ও ঢাকা-আগরতলা-ঢাকাসহ মোট ৫টি আন্তর্জাতিক রুটে বিআরটিসি'র বাস চলাচল করত। কিন্তু বৈশ্বিক মহামারী কোভিড-১৯ এর কারণে বাস চলাচল বন্ধ ছিল। গত ১০/০৬/২০২২ তারিখ হতে পুনরায় ঢাকা-কোলকাতা-ঢাকা, আগরতলা-ঢাকা-কোলকাতা, ঢাকা-খুলনা-কোলকাতা ও ঢাকা-আগরতলা-ঢাকা আন্তর্জাতিক ৪টি রুটে বিআরটিসি'র বাস চলাচল করছে। এতে যাত্রীসেবার পাশাপাশি দুই দেশের মধ্যে সৌহার্দ্য ও আন্তঃসম্পর্ক বৃদ্ধি পেয়েছে।

আন্তজার্তিক রুটে পরিচালিত বাস

স্টাফ বাস সার্ভিস:

- সিটি ও আন্তঃজেলা রুটে বিআরটিসি বাস পরিচালনার পাশাপাশি সচিবালয়সহ বিভিন্ন সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের সকল গ্রেডের কর্মচারীদের অফিসে যাতায়াতের সুবিধার্থে ১৬৪টি রুটে বিআরটিসি'র ২০২টি বাস স্টাফ বাস হিসেবে পরিচালিত হচ্ছে।
- ঢাকাসহ সারাদেশে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রীদের যাতায়াতের সুবিধার্থে বিআরটিসি'র ১৮১টি বাস ৮৫টি রুটে নিয়মিত চলাচল করছে। ফলে শিক্ষার্থী যথাসময়ে স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানে পৌঁছতে সুবিধা হচ্ছে।

স্টাফ বাস

মহিলা বাস সার্ভিস:

বর্তমানে ঢাকা ও চট্টগ্রাম শহরের বিভিন্ন রুটে কর্মজীবীসহ ও অন্যান্য মহিলাদের বিভিন্ন গন্তব্যে আনা-নেয়ার জন্য বিআরটিসি'র ২৩টি বাস ২০টি রুটে মহিলা বাস সার্ভিস পরিচালনা করা হচ্ছিল। কিন্তু ২৩/০৩/২০২০ তারিখ হতে বৈশ্বিক মহামারী কোভিড-১৯ এর কারণে মহিলা বাস সার্ভিস বন্ধ থাকে। বর্তমানে ০৯টি ভিন্ন ভিন্ন রুটে ০৯টি বিআরটিসি'র বাস মহিলা বাস সার্ভিস হিসেবে পরিচালিত হচ্ছে।

মহিলা বাস

স্কুল/কলেজ বাস সার্ভিস:

ঢাকায় অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের স্বল্প ভাড়ায় ও নিরাপদে যাতায়াতের সুবিধার্থে এয়ারপোর্ট-শহীদ রমিজ উদ্দিন স্কুল রুটে ১টি বাস এবং চট্টগ্রাম শহরের শিক্ষার্থীদের স্বল্প ভাড়ায় ও নিরাপদে যাতায়াতের জন্য ১০টি বিআরটিসি'র বাস স্টুডেন্ট সার্ভিস হিসেবে পরিচালিত হচ্ছে।

ঢাকা নগর পরিবহন সার্ভিসঃ

ঢাকা মহানগরীতে গণপরিবহনে শৃঙ্খলা আনয়ন এবং যানজট নিরসনে Bus Route Rationalization করে একক কোম্পানীর মাধ্যমে ডিটিসিএ কর্তৃক বাস পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। সে প্রেক্ষিতে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ওবায়দুল কাদের, এমপি প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি উপস্থিত হয়ে এবং ঢাকা দক্ষিণ ও উত্তর সিটির মাননীয় মেয়র ও বিআরটিসি সম্মানিত চেয়ারম্যান সরাসরি উপস্থিত হয়ে গত ২৬ ডিসেম্বর ২০২১ তারিখে ঢাকা নগর পরিবহন উদ্বোধন করা হয়। নারায়ণগঞ্জ ও মোঃপুর ডিপোর নিয়ন্ত্রণে ৩০ টি দ্বিতল বাস দিয়ে মোঃপুর হতে ঘাটারচর পর্যন্ত রুটে এ সার্ভিস পরিচালনা করা হচ্ছে। যাত্রীসাধারণের সুবিধার্থে সার্ভিসটিতে ই-টিকেটিং সিস্টেম চালু করায় নির্দিষ্ট ভাড়ার অতিরিক্ত ভাড়া দিতে হয় না। উক্ত সার্ভিসে নির্দিষ্ট কাউন্টার ব্যতিত যাত্রী উঠানামা করা হয় না। ফলে যাত্রীসাধারণ সুশৃঙ্খলভাবে বাসে উঠতে পারে, আরামদায়ক ও নিরাপদে ভ্রমণ করতে পারে। শীগ্রই আরও ০২টি রুটে এ সেবা চালু করা হবে।

রুটের স্টপেজসমূহ	
আপ	ডাউন
ঘাটারচর-বসিলা-মোঃপুর থানা-সিটি কলেজ- শাহবাগ- মতিঝিল- টিকাটুলি- যাত্রাবাড়ী- শনিরআখড়া- সাইনবোর্ড- কাঁচপুর	কাঁচপুর- সাইনবোর্ড- যাত্রাবাড়ী- টিকাটুলি- মতিঝিল- শাহবাগ- এলিফ্যান্ট রোড- জিগাতলা- শারিক শিক্ষা কলেজ- বসিলা- ঘাটারচর

ঢাকা নগর পরিবহন সার্ভিস এর শুভ উদ্বোধন

গুলিস্তান ফুলবাড়িয়াস্থ সিবিএস-২ এ আধুনিক কাউন্টার উদ্বোধন

গত ২৫/০৬/২০২২ তারিখ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পদ্মা সেতু শুভ উদ্বোধনের প্রেক্ষিতে ঢাকা-দক্ষিণবঙ্গের সাথে যোগযোগের সুবিধার্থে ২১টি জেলার ২৩টি রুটে ৬০টি বাস সার্ভিস চালু করা হয়েছে এবং জনদুর্ভোগ নিরসণে ২৬/০৬/২০২২ তারিখ মাননীয় চেয়ারম্যান মহোদয় কর্তৃক গুলিস্তান ফুলবাড়িয়াস্থ সিবিএস-২ এ আধুনিক কাউন্টার উদ্বোধন করা হয়।

গুলিস্তান ফুলবাড়িয়াস্থ সিবিএস-২ এ ডিজিটাল কাউন্টার

শুদ্ধাচার পুরস্কার প্রদান

শুদ্ধাচার নীতিমালা ২০২১ অনুযায়ী ২০২১-২২ অর্থ বছরের পুরস্কার প্রদানের জন্য বিআরটিসি'র চেয়ারম্যানকে নির্বাচন করা হয়। গত ০২ জুন ২০২২ তারিখে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মানিত সচিব জনাব মোঃ নজরুল ইসলাম বিআরটিসি চেয়ারম্যান জানাব মোঃ তাজুল ইসলামকে শুদ্ধাচার পুরস্কার প্রদান করেন।

জনাব মোঃ নজরুল ইসলাম, সচিব সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ জনাব মোঃ তাজুল ইসলাম, চেয়ারম্যান বিআরটিসিকে শুদ্ধাচার পুরস্কার প্রদান করেন।

আপদকালীন যাত্রী সেবা ও পণ্য পরিবহন

বিভিন্ন ঝুঁকিপূর্ণ অস্থিতিশীল পরিস্থিতিতে, দুর্যোগকালীন সময়ে এবং ধর্মীয় উৎসব ও সম্মেলনে বিআরটিসি জনস্বার্থে যাত্রীসেবা ও পণ্য পরিবহনসেবা প্রদান করে থাকে। উপরন্তু বনভোজন, শিক্ষা সফরসহ বিভিন্ন বিনোদনমূলক অনুষ্ঠানের জন্য বিআরটিসি'র বাস সেবা খুবই জনপ্রিয়। ২০২১-২০২২ অর্থ-বছরেও বর্ণিত সেবাসমূহ অব্যাহত রয়েছে।

বিআরটিসি বাসে ডিজিটাল ডিসপ্লে স্থাপন

আমদানীকৃত বিআরটিসি'র নতুন বাসে ডিজিটাল ডিসপ্লে রয়েছে। এর মাধ্যমে বিআরটিসি ও সরকারের উন্নয়নমূলক কর্মকান্ড এবং জনসচেতনতামূলক উদ্ধৃতি যাত্রীসাধারণকে অবহিত করা হচ্ছে। বিআরটিসি'র সার্বিক কার্যক্রম ও মুজিববর্ষ উপলক্ষে বঙ্গবন্ধুর জীবনী সংক্রান্ত ভিডিও চিত্র প্রর্দশনের জন্য বিআরটিসি প্রধান কার্যালয়ের সন্মুখে ডিজিটাল ডিসপ্লে বোর্ড স্থাপন করা হয়।

যুদ্ধাহত ও খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধাদের বিনাভাড়ায় যাতায়াত সুবিধা

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত পরিচয়পত্রের আলোকে যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধাদের বিআরটিসি'র বাসে বিনা ভাড়ায় যাতায়াতের সুবিধা অব্যাহত আছে।

বাসে আসন সংরক্ষণ

বিআরটিসি'র প্রতিটি বাসে মহিলা, শিশু, প্রতিবন্ধী ও মুক্তিযোদ্ধাদের আরামপদ ও নির্বিঘ্নে যাতায়াতের সুবিধার্থে ১৫টি আসন সংরক্ষিত আছে। বিআরটিসি'র প্রতিটি বাসে এবিষয়ে স্টিকার সাঁটানো আছে।

২০২১-২২ অর্থ বছরে বিআরটিসি'র অর্জন

আধুনিক পরিবহন সেবা ও ডিজিটাল বিআরটিসি গড়ার লক্ষ্যে জনাব মোঃ তাজুল ইসলাম, চেয়ারম্যান, বিআরটিসি এর অবদান অনস্বীকার্য। কর্পোরেশনের আয় বৃদ্ধি, ব্যয় সংকোচন ও যাত্রী সেবার মান উন্নয়ন, এই ব্রত নিয়ে কর্পোরেশনের মাননীয় চেয়ারম্যান মহোদয়ের গৃহীত কার্যক্রমসমূহ নিম্নে উপস্থাপন করা হ'লঃ

- বিআরটিসিকে একটি লাভজনক প্রতিষ্ঠানে রূপান্তর করা হয়;
- বিআরটিসি'র নীটলাভের পরিমান ক্রমাগতভাবে বৃদ্ধি পাচ্ছে। জুন/২২ মাসে ৪৪৩.৪৭ লক্ষ টাকা নীটলাভ হয়েছে;
- ইউনিটের কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা নিজস্ব আয় হতে প্রতিমাসের ১ তারিখের মধ্যে পরিশোধ করা হচ্ছে।
- ১০০জন চালক নিয়োগের লিখিত পরীক্ষার কার্যক্রম প্রক্রিয়াধীন;
- দীর্ঘ প্রায় ১২ বছর পর চালকদের পদন্নোতি দেয়া হয়েছে;
- প্রধান কার্যালয়ের সভাকক্ষ ডিজিটাল, আধুনিকায়ন ও দৃষ্টিনন্দন করা হয়েছে;
- ছাত্র-ছাত্রীরা অর্ধেক ভাড়ায় বিআরটিসি'র বাসে নিয়মিত যাতায়াত করছে;
- ডিজেলের মূল্যে প্রায় ৪২% বৃদ্ধির পরও বিআরটিসি পূর্বের ভাড়ায় বিসিআইসি এর সার দেশের বিভিন্ন প্রান্তে পরিবহন করা হচ্ছে;
- পরিবহন পুল হতে ২৯টি ট্রেনিং বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রমের জন্য বরাদ্ধ পাওয়া গেছে;
- কোরিয়া হতে ৩২০টি CNG বাস ক্রয় করা কার্যাক্রম প্রক্রিয়াধীন রয়েছে;
- Renovation এর মাধ্যমে প্রধান কার্যালয়সহ সকল ডিপো/ইউনিটসমূহ আধুনিকায়ন করা হয়েছে;
- পদ্মা সেতু উদ্বোধনের প্রেক্ষিতে রাজধানী ঢাকার সাথে দক্ষিণবঙ্গের যোগযোগের সুবিধার্থে ২১টি জেলার ২৩টি রুটে ৬০টি বাস সার্ভিস চালু করা হয়েছে;
- ড্রাইভিং প্রশিক্ষণ কার্যক্রম জোরদার করার লক্ষ্যে বাংলাদেশ আনসার, জয়িতা ফাউন্ডেশন,মহিলা বিষয়ক অধিদপ্তর,নায়েম, বিবিএ ও পদ্মা সেতুর প্রকল্পের ক্ষতিগ্রস্থদের ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে;
- গাজীপুরে অবস্থিত সম্বনিত কেন্দ্রীয় মেরামত কারখানা (আইসিডব্লিউএস) দীর্ঘদিন বন্ধ থাকার পর গত জুন/২০২১ থেকে পূনরায় নতুন ভাবে চালু করা হয় যার দরুন বর্তমানে গড়ে প্রতি মাসে ০৬ থেকে ০৮টি বাস ভারী মেরামত কার্যক্রম সম্পন্ন করত অনরুট করা হচ্ছে;
- বিআরটিসির সকল ডিপো গুলোতে টেকনেশিয়ানদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে নিয়মিত প্রশিক্ষন প্রদান করা হচ্ছে;
- আধুনিক ও স্বয়ংক্রিয় যন্ত্রপাতি ক্রয়, র‍্যাম্প নির্মানের মাধ্যমে ওয়ার্কশপগুলোর সক্ষমতা বৃদ্ধি পেয়েছে। ডিপোগুলোতে টাইম বাউন্ড পদ্ধতিতে নির্দিষ্ট সময়ের মধ্যে মেরামত সম্পন্ন করায় চলমান বাসের সংখ্যা বৃদ্ধির কার্যক্রম অব্যাহত আছে;
- ঢাকাস্থ বিআরটিসি'র কেন্দ্রীয় মেরামত কারখানায় বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানের যানবাহন মেরামত করা হয়ে থাকে। ২০২১-২২ অর্থবছরে ৫১০০টি যানবাহন মেরামত করা হয়েছে;
- প্রধান কার্যালয়কে অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের থ্রি-ডি চিত্র, ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ ও বিআরটিসি যানবাহনের চিত্র প্রদর্শনের মাধ্যমে সৌন্দর্যবৃদ্ধি ও দৃষ্টিনন্দন করা হয়েছে। কর্পোরেশনের প্রধান কার্যালয়ের বঙ্গবন্ধু কর্নার, লাইব্রেরী স্থাপনসহ ভবন আধুনিকায়ন করা হয়েছে। বিআরটিসির সকল ডিপো/ইউনিটে বঙ্গবন্ধু, মুক্তিযুদ্ধ বাংলাদেশ কর্ণার স্থাপন, ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ ও বিআরটিসি যানবাহনের চিত্র প্রদর্শনের মাধ্যমে সৌন্দর্যবৃদ্ধি, ভবন ও ফটক (গেইট) দৃষ্টিনন্দন করা হয়েছে;
- কর্পোরেশনের চালক, কন্ডাক্টর, কারিগর ও নিরাপত্তারক্ষীদেরকে নতুন পোশাক/ইউনিফর্ম প্রদান করা হয়েছে;
- ১৯১টি বাসে wifi সংযোগ চালু করা হয়েছে;
- প্রধান কার্যালয়সহ প্রতিটি ডিপো/ইউনিটে অডিট ফার্ম কর্তৃক অডিট কার্যক্রম সম্পন্ন করা সহ আভ্যন্তরীন অডিট জোরদার করা হয়েছে;
- ০৮ টি রুটে ই-টিকেটিং ও অনলাইন টিকিট ব্যবস্থা বিআরটিসি বাসে চালু করা হয়েছে;
- গাজীপুর পেট্রল পাম্প পুনরায় চালু করা হয়েছে;

- বিআরটিসি'র সকল ডিপোতে র‍্যাম্প নির্মাণ করা হয়েছে:
- বাস রুট Rationalization কার্যক্রমের আওতায় (ঢাকা নগর পরিবহন) ঘাটারচর হতে কাচপুর পর্যন্ত ২১ নং রুটে বিআরটিসি'র ৩০টি বাস নিয়োমিত চলাচল করছে এবং ২৬নং রুটে আগামী অক্টোবর/২২ মাস হতে বিআরটিসি এককভাবে পরিচালনা করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়;
- বিআরটিসি'র বাসে যাত্রী পরিবহণ কার্যক্রম তদারকির জন্য ভিজিলেন্স টিম কার্যক্রম জোরদার করা হয়েছে। চলমান বাসসমূহ পরিস্কার পরিচ্ছন্নতা ও দৃষ্টিনন্দন নিশ্চিত করার লক্ষ্যে নিয়মিত Monitoring করা হচ্ছে;
- ঢাকা আন্তর্জাতিক বানিজ্য মেলা ২০২২ উপলক্ষ্যে যাত্রী সাধারনের যাতায়াতের সুবিধার্থে বিআরটিসি বাসের মাধ্যমে প্রায় ৩.৫০ লক্ষ যাত্রী পরিবহন করা হয়েছে।
- সাফ উইমেন্স চ্যাম্পিয়নশীপ ২০২২ কাপ বিজয়ী নারী ফুটবলাদের অভ্যর্থনার জন্য বিআরটিসি'র ছাদবিহীন দ্বিতল বাস ০১ দিনের মধ্যে প্রস্তুতপূর্বক প্রদান করা হয়;
- নোয়াখালী জেলায় একটি প্রশিক্ষন কেন্দ্র চালু করার উদ্যোগ গ্রহন করা হয়েছে যার প্রশাসনিক অনুমোদনের জন্য মন্ত্রণালয় প্রেরণ করা হয়েছে;
- বর্তমান সরকার ঘোষিত Vission-২০৪১ অর্জনে এক কোটি লোকের কর্মসংস্থানের অংশ হিসেবে বিআরটিসির ড্রাইভিং এবং অটোমোবাইল ট্রেড প্রশিক্ষণ কার্যক্রমে সরকারি যানবাহন অধিদপ্তর হতে বিনামূল্যে গাড়ি সরবরাহ/হস্তান্তর;
- বিআরটিসি'র ডিপো/ইউনিটে ইয়ার্ড ও ড্রাইভিং ট্র্যাক নির্মান করা হয়েছে;
- বিআরটিসি ত্রৈমাসিক সমাচার ও বার্ষিক প্রতিবেদন নিয়মিত প্রকাশ করা হচ্ছে;
- বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক ২০২২ প্রদানে লক্ষ্যে বিআরটিসির আবেদন মন্ত্রিপরিষদ বিভাগ ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের বাছাই কমিটির সুপারিশসহ জাতীয় কমিটি বরাবর প্রেরণ করা হয়েছে;
- সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক ২০২১-২২ অর্থ বছরে দপ্তর/সংস্থার প্রধান হিসেবে চেয়ারম্যান, বিআরটিসিকে শুদ্ধাচার পুরস্কার হিসেবে ক্রেস্ট, সনদ ও চেক প্রদান করা হয়;
- ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) তে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের মধ্যে বিআরটিসি ১ম স্থান অর্জন করেছে;
- দূর্নীতির বিরুদ্ধে 'Zero Tolerance' নীতি গ্রহণ করা হয়েছে;

- যাত্রী ও পণ্য পরিবহন এবং দক্ষ চালক ও কারিগর তৈরিতে রাষ্ট্রীয় পরিবহন সংস্থা হিসেবে বিআরটিসি ইতিবাচক ভুমিকা পালন করে আসছে। বর্তমানে ২২টি বাস ডিপো, ২টি ট্রাক ডিপো, ২টি যানবাহন মেরামত কারখানা, ৪টি প্রশিক্ষণ ইনস্টিটিউট এবং ১৯ টি প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে বিআরটিসি সেবাকার্যক্রম চালিয়ে যাচ্ছে।

- বিআরটিসির সিটি বাস সার্ভিস ঢাকা ও চট্টগ্রাম শহরে ৪২টি রুটে ৩২৯টি বাসের মাধ্যমে এবং আন্তঃজেলায় ১৬৩টি রুটে ৫০৪টি বাসের মাধ্যমে কার্যক্রম পরিচালনা করছে। এছাড়াও সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারি, দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী ও ঢাকা-চট্টগ্রাম শহরের বিভিন্ন রুটে কর্মজীবীসহ অন্যান্য মহিলাদের যাতায়াতের সুবিধার্থে ৪০১টি গাড়ী স্টাফ বাস হিসেবে সেবা প্রদান করছে।

- বাংলাদেশ ও ভারতের মধ্যে আন্ত:রাষ্ট্রীয় যোগাযোগ ব্যবস্থা উন্নয়নের লক্ষ্যে চালুকৃত ঢাকা-কোলকাতা-ঢাকা, ঢাকা-আগরতলা-ঢাকা, আগরতলা-ঢাকা-কোলকাতা-আগরতলা, ঢাকা-সিলেট-শিলং-গোহাটি-ঢাকা ও ঢাকা-খুলনা-কলকাতা রুটসহ মোট ০৫টি আন্তর্জাতিক রুটে কোভিড-১৯ এর কারণে বাস চলাচল সাময়িকভাবে বন্ধ ছিল। গত ১০.০৬.২০২২ তারিখে ৪টি রুটে বাস চলাচল শুরু হয়। এছাড়াও, ঢাকা-শিলিগুড়ি-গ্যাংটক রুট চালুর বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।

বিশেষ সেবা

নিয়মিত যাত্রী ও পণ্য পরিবহন সেবার বাইরে জনসাধারণের প্রয়োজনে বিআরটিসি নিম্নোক্ত বিশেষ সেবা প্রদান করে থাকে:

- বিআরটিসি'র ট্রাকের মাধ্যমে খাদ্য অধিদপ্তরের চাল ও গম দেশের বিভিন্ন সরকারি খাদ্য গুদামে পরিবহন করা হয়। জরুরী খাদ্য পরিবহনের পাশাপাশি সরকারি সার, ঔষধ ও কৃষি পণ্য পরিবহনের কাজে ট্রাক নিয়োজিত রয়েছে। ডিজেলের মূল্য বৃদ্ধি পাওয়ার পরও বিআরটিসি পূর্বের নির্ধারিত ভাড়ায় পণ্য পরিবহন সেবা প্রদান করে আসছে।
- ঈদ, হজ , বিশ্ব-ইজতেমা, আন্তজার্তিক বানিজ্য মেলা ও দেশের যে কোন দূর্যোগকালীন সময়ে বিশেষ বাস সার্ভিস প্রদান।
- স্কুল/কলেজ/সরকারি-বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানে শিক্ষা সফর/আনন্দ ভ্রমণ/বনভোজনসহ বিভিন্ন সামাজিক অনুষ্ঠানে যাতায়াতের জন্য বিশেষ সুলভে বাস সার্ভিস প্রদান করা হয়।
- বিআরটিসি’র সকল বাসে ধূমপান নিষিদ্ধ। ‘ধূমপানমুক্ত যানবাহন’ স্টিকার বিআরটিসি’র সকল বাসে সংযোজন করা হয়েছে।
- যাত্রী হয়রানি, ভাড়া সংক্রান্ত অভিযোগের জন্য হট লাইন নম্বর ৯৯৯ সম্বলিত স্টিকার বিআরটিসি’র প্রতিটি বাসে সংযোজন করা হয়েছে।
- বিআরটিসি’র প্রত্যেক বাসে ময়লা ফেলার ঝুঁড়ি সংযোজন করা হয়েছে।
- সারাদেশে বিআরিটিসি’র চলমান বাসে শিক্ষার্থীদের চলাচলের ক্ষেত্রে হাফ ভাড়া কার্যকর করা হয়েছে।
- মহিলা, মুক্তিযোদ্ধা ও প্রতিবন্ধীদের হ্রাসকৃত ফি’তে ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান অব্যাহত আছে।
- বিআরটিসি'র প্রতিটি বাসে মহিলা, শিশু, প্রতিবন্ধী ও যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের জন্য ১৫টি আসন সংরক্ষিত রয়েছে।
- যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধাদের জন্য বিআরটিসি'র বাসে বিনা ভাড়ায় যাতায়াতের সুবিধা অব্যাহত আছে।
- জাতীয় দুর্যোগ, বিভিন্ন ঝুঁকিপূর্ণ পরিস্থিতি, ধর্মীয় উৎসব ও সম্মেলন এবং অপ্রচলিত (Unconventional) রুটে জনস্বার্থে বিআরটিসি’র যাত্রী সেবা ও পণ্য পরিবহন সেবা প্রদান অব্যাহত আছে।

বিআরটিসির বিভিন্ন দিবস উদযাপন

মুজিববর্ষ/জন্মশত বার্ষিকী উদযাপন সংক্রান্ত তথ্য

হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী বিআরটিসি অত্যন্ত গুরুত্ব সহকারে প্রতিপালন করেছে। ‘মুজিববর্ষ’, জন্মশত বার্ষিকী ২০২০ উপলক্ষে বিআরটিসি কর্তৃক গৃহীত সকল কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করা হয়েছে।

শোক দিবস ও আলোচনা সভা সংক্রান্ত তথ্য

১৫ আগষ্ট/২১ জাতীয় শোক দিবস ও বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানএর শাহাদাত বার্ষিকী উপলক্ষ্যে বিআরটিসি'র সকল ডিপো/ইউনিটে স্বাস্থ্যবিধি মেনে দোয়া মাহফিল ও আলোচনা সভা আয়োজন করা হয়েছে। কর্পোরেশনের সকল কর্মকর্তা/কর্মচারী মাস ব্যাপী কালো ব্যাজ ধারন করেন। জাতীয় শোক দিবস উপলক্ষ্যে মন্ত্রনালয়ের নকঁশানুযায়ী শোকবার্তা সম্বলিত ''ওয়ালড্রপ ব্যানার'' প্রত্যেক ডিপো/ইউনিটে প্রদর্শণ করা হয়। ১৫ আগষ্ট/২১ জাতীয় শোক দিবসে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয়। এছাড়াও নিম্নোক্ত তারিখ ও সময় সূচী অনুযায়ী বিআরটিসি প্রত্যেক ডিপো/ইউনিটে মাস ব্যপী স্বাস্থ্য বিধি মেনে দোয়া মাহফিল ও আলোচনা সভা আয়োজন করা হয়। উল্লেখ্য, উক্ত সভায় বিআরটিসি'র উর্দ্ধতন কর্তৃপক্ষ জুমে সংযুক্ত থাকেন।

শেখ রাসেল দিবস উদযাপন

গত ১৮/১০/২০২১ সোমবার সকাল ১১:০০ ঘটিকায় "শেখ রাসেল জাতীয় শিশু দিবস" উপলক্ষে বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলামের সভাপতিত্বে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান কার্যালয়ের ম্যানেজার ও তদুর্ধ্ব সকল কর্মকর্তা, ঢাকাস্থ সকল ইউনিট প্রধানগণ প্রধান কার্যালয়ে উপস্থিত ছিলেন এবং ঢাকার বাহিরে সকল ডিপো/ইউনিট প্রধানগণ অনলাইনে প্রধান কার্যালয়ের সাথে সংযুক্ত থাকেন। এ দিবস উপলক্ষে বিআরটিসি প্রধান কার্যালয়সহ সকল ডিপো/ইউনিট ব্যানার ফেষ্টুন দিয়ে সু-সজ্জিত করা হয়।

মহান বিজয় দিবস উদযাপন

প্রধান কার্যালয়

দীর্ঘ ৯মাস রক্তক্ষয়ী যুদ্ধে, ৩০লাখ শহীদ ও অগনিত মা-বোনের আত্মত্যাগের বিনিময়ে ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর পাক সেনাদের আত্মসমর্পণের মার্ধমে অর্জিত আমাদের এই মহান বিজয়। ১৬ই ডিসেম্বর ২০২১ তারিখ মহান বিজয় দিবস ও স্বাধীনতা সুবর্ণজয়ন্তী ও মুজিব শতবর্ষ যথাযোগ্য মর্যাদায় উদযাপন করার লক্ষ্যে বিআরটিসি প্রধান কার্যালয়-এ আলোক সজ্জা ও ব্যানার-ফেস্টুনের মাধ্যমে দৃষ্টিনন্দন করা হয়। জাতীয় পতাকা উত্তোলন করা এবং মহান বিজয় দিবস ২০২১ উদযাপন উপলক্ষ্যে তেজগাঁও পুরাতন বিমান বন্দরস্থ জাতীয় প্যারেড স্কয়ারে সম্মিলিত বাহিনীর কুচকাওয়াজ অনুষ্ঠানে বিআরটিসি'র ৪টি ট্রাক দৃষ্টিনন্দন করে যান্ত্রিক বহরে প্রদর্শন করা হয়।

ডিপো/ইউনিটসমূহ

যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস ২০২১ ও বিজয়ের ৫০ বছর সুবর্নজয়ন্তী ও মুজিব শতবর্ষ উদযাপন উপলক্ষে বিআরটিসি সকল ডিপো/ইউনিটে আলোক সজ্জা, ব্যানার-ফেস্টুনের মাধ্যমে দৃষ্টিনন্দন করা, আলোচনা সভা, কেক কাটা ও সাংস্কৃতিক প্রতিযোগীতা, পুরস্কার বিতরণ, মিলাদ ও দোয়া, তবারক বিতরণ, র‍্যালী এবং পুষ্পস্তপক অর্পণ করা হয়।

এ সকল অনুষ্ঠানে জেনারেল ম্যানেজার হতে তদুর্ধ্ব কর্মকর্তাগণ উপস্থিত হয়ে মহান বিজয় দিবসের ইতিহাস তুলে ধরেন এবং বিজয় দিবসের আলোকে উজ্জবীত হয়ে নতুন উদ্যমে কাজ করার জন্য সকলকে অনুরোধ জানান। পরিশেষে এই বিজয়ের জন্য যে সকল বাংলার বীর সন্তানেরা শহিদ হয়েছেন, তাদের বিদেহী আত্মার শান্তি ও মাগফেরাত কামনা করেন।

নিরাপদ সড়ক দিবস উদযাপন

"গতিসীমা মেনে চলি, সড়ক দুর্ঘটনা রোধ করি" এই স্লোগানকে প্রতিপাদ্য করে জাতীয় নিরাপদ সড়ক দিবস ২০২১ আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও বাংলাদেশ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক জনাব মোঃ ওবায়দুল কাদের, এম.পি। সভাপতিত্ব করেন সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মানিত সচিব জনাব মোঃ নজরুল ইসলাম। অনুষ্ঠানে বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলামসহ বিআরটিসি'র অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। এ উপলক্ষ্যে বিআরটিসি'র সকল ডিপো/ইউনিটে আলোক সজ্জা, মেইন গেইট ও ভবন বিভিন্ন ব্যানার, ফেষ্টুন দিয়ে সু-সজ্জিত করা হয় এবং ২২ অক্টোবর ২০২১ তারিখে নিরাপদ সড়ক দিবস উপলক্ষ্যে জেলা-উপজেলা পর্যায়ের আয়োজিত আলোচনা সভা, র‍্যালী/শোভা যাত্রায় অংশ গ্রহণ করেন।

সকল ডিপো/ইউনিটে বঙ্গবন্ধু কর্ণার স্থাপন

জন্মশতবার্ষিকী উদযাপনে কর্মসূচীর অংশ হিসেবে মুজিব জন্মশত বার্ষিকী উপলক্ষে বিআরটিসির প্রধান কার্যালয়ের ২য় তলায় স্থাপিত বঙ্গবন্ধু কর্নার গত ১১ অক্টোবর ২০২০ তারিখ জনাব ওবায়দুল কাদের, এমপি, মাননীয় সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী কর্তৃক ভিডিও কনফারেন্সের মাধ্যমে শুভ উদ্বোধন করা হয় এবং পর্যায়ক্রমে বর্তমান চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলামের নির্দেশনায় বিআরটিসি'র সকল ডিপো/ইউনিটে একটি কক্ষে বঙ্গবন্ধু কর্ণার স্থাপন করা হয়। বঙ্গবন্ধু কর্নারে আবক্ষ ভাস্কর্য, বুকশেল্ফ, সোফা/ চেয়ার ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মজীবনী নিয়ে বিভিন্ন পুস্তক রাখার মাধ্যমে বঙ্গবন্ধু কর্নার স্থাপন করা হয়েছে।

২১ ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস	২১ ফেব্রুয়ারি ২০২২ আন্তর্জাতি মাতৃভাষা দিবস উপলক্ষ্যে বিআরটিসির সকল ডিপো/ইউনিটের কর্মকর্তা-কর্মচারীগণ স্থানীয় প্রশাসন কর্তৃক গৃহীত সকল কার্যক্রমে অংশ গ্রহণ করেন এবং ভাষা শহীদদের প্রতি বিআরটিসির পক্ষ থেকে শহীদ মিনারে বিনম্র শ্রদ্ধা ও পুস্পস্তবক অর্পন করেন।
ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ	আন্তার্জাতিকভাবে স্বীকৃতি প্রাপ্ত ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ বিআরটিসির প্রধান কার্যালয়সহ সকল ডিপো ইউনিটে আলোকসজ্জা করা, ব্যানার-ফেষ্টুন স্থাপন করা এবং দিনব্যাপি ঐতিহাসিক ভাষণের অডিও-ভিডিও প্রচার করা হয়।
১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধুর জন্মদিন ও জাতীয় শিশু দিবস	১৭/০৩/২০২২ খ্রিঃ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ১০২ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে মতিঝিল আন্তর্জাতিক বাস বাস ডিপোতে আলোচনা সভা কেক কাটা ও দোয়া মোনাজাত অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অতিরিক্ত সচিব জনাব মোঃ আব্দুল্লাহ আল হাসান চৌধুরী এবং সভাপতিত্ব করেন বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম। এছাড়াও বিআরটিসির প্রধান কার্যালয়সহ সকল ডিপো ইউনিট পরিস্কার পরিচ্ছন্ন করা, আলোকসজ্জা করা, ব্যানার-ফেষ্টুন স্থাপন করা এবং পুস্পস্তবক অর্পন, আলোচনা সভা কেক কাটা ও দোয়া মোনাজাত অনুষ্ঠানের আয়োজন করা হয়।
২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস	২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ২০২২ উপলক্ষে বিআরটিসি তেজগাঁও ট্রেনিং ইনষ্টিটিউটে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন বিআরটিসির কর্মকর্তা-কর্মচারীগণ। এছাড়াও বিআরটিসির প্রধান কার্যালয়সহ সকল ডিপো ইউনিট পরিস্কার পরিচ্ছন্ন করা, আলোকসজ্জা করা, ব্যানার-ফেষ্টুন স্থাপন করা হয়। সকল ডিপো/ইউনিটের কর্মকর্তা-কর্মচারীগণ স্থানীয় প্রশাসন কর্তৃক গৃহীত সকল কার্যক্রমে অংশ গ্রহণ করেছেন এবং পুস্পস্তবক অর্পন, আলোচনা সভা ও দোয়া মোনাজাত অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

তেলের মূল্য বৃদ্ধি করা হলেও পূর্ব নির্ধারিত ভাড়াতেই বিআরিটিসির পরিবহন সেবা অব্যাহত

জ্বালানি তেল ডিজেলের মূল্য লিটারপ্রতি ১৫ টাকা বৃদ্ধি করা হলেও ভাড়া সমন্বয় করা হয়নি। ভাড়া বাড়ানো না হলে তারা (পরিবহন মালিক শ্রমিকরা) (শুক্রবার) ভোর থেকে রবিবার পর্যন্ত গণপরিবহন ও পণ্যপরিবহন বন্ধ থাকে। ফলে যাত্রী ও পণ্য পরিবহনে চরম দুর্ভোগের সৃষ্টি হয়েছিল। এ পরিস্থিতিতে জনসাধারণের দুর্ভোগ লাঘব এবং সরকারের নির্দেশনা বাস্তবায়ন করার লক্ষ্যে পূর্ব নির্ধারিত ভাড়াতেই বিআরটিসি ঢাকাসহ সারা দেশে যাত্রী ও পণ্য পরিবহন সেবা প্রদান করেন।

শিক্ষার্থীদের জন্য বিআরটিসির বাসে হাফ ভাড়া আদায়

সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের ২৬/১১/২১ তারিখ শুক্রবার তাঁর সরকারি বাসভবনে আয়োজিত ব্রিফিংয়ে শিক্ষার্থীদের দাবির পরিপ্রেক্ষিতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সারাদেশে বিআরটিসি বাসের ভাড়া ৫০ শতাংশ কমানোর এ সিদ্ধান্তের কথা জানান। তিনি বলেন, শেখ হাসিনা সরকার জনগণের সরকার। জনঘনিষ্ঠ ও যৌক্তিক কোনো দাবিতে তিনি সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে থাকেন। শিক্ষার্থীদের জন্য বিআরটিসি বাসের ভাড়া ৫০ শতাংশ অর্থ্যাৎ অর্ধেক ভাড়ায় বিআরটিসি বাসে যাতায়াত করতে পারবেন। সড়ক পরিবহনমন্ত্রী বলেন, বিআরটিসি বাসে ভ্রমণকালে শিক্ষার্থীদের অবশ্যই নিজ নিজ শিক্ষাপ্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত ছবিযুক্ত বৈধ পরিচয়পত্র সঙ্গে রাখতে হবে। প্রয়োজনে তা প্রদর্শন করতে হবে। সেতুমন্ত্রী জানান, সকাল সাতটা থেকে রাত আটটা পর্যন্ত শিক্ষার্থীরা বিআরটিসি বাসে চলাচলের ক্ষেত্রে এ সুবিধা পাবে।

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার আদেশক্রমে ও সড়ক পরিবহন ও সেতুমন্ত্রীর নির্দেশনায় বিআরটিসি বাসে সারাদেশে ছাত্রদের জন্য ৫০% বাস ভাড়ায় যাতায়াতের বিষয়ে বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান মহোদয় (অতিরিক্ত সচিব) জনাব মোঃ তাজুল ইসলাম বিটিভি ও ৭১ টিভি'তে সরাসরি স্বাক্ষাতকার প্রদানকালে তিনি বলেন, বিআরটিসি বাসে শিক্ষার্থীদের কাছ থেকে ৫০% ভাড়া নেয়া হবে কেননা বিআরটিসি'র মূল লক্ষ্য স্বল্প মূল্যে আদর্শ ও উন্নততর যাত্রী সেবা প্রদান করা।

সরকারি পরিবহন পুল হতে ২৯টি কার, জীপ প্রাপ্তি

দক্ষ চালক তৈরি করার জন্য বিআরটিসি ১৯৮২ সাল হতে প্রশিক্ষণ প্রদান করে যাচ্ছে। বিআরটিসির ৩টি প্রশিক্ষণ ইনস্টিটিউট এবং ১৯টি কেন্দ্রের মাধ্যমে সাধারণ প্রশিক্ষণার্থীসহ বিভিন্ন সরকারী বেসরকারী প্রতিষ্ঠান ও বিভিন্ন প্রকল্প (প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক সড়ক দূর্ঘটনা হ্রাস কল্পে ০৩(তিন) লক্ষ দক্ষ চালক প্রশিক্ষণ প্রদান, Skills for Employment Investment Program (SEIP), Haor Infrastructure and livelihood

Improvement Project, Bangladesh Bridge Authority (BBA), Training of Trainers (ToT), মহিলা বিষয়ক অধিদপ্তর ও জয়িতা ফাউন্ডেশন) এর আওতায় প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সরকারি যানবাহন অধিদপ্তর হতে ২৯টি জীপ, কার বিনামূল্যে বিআরটিসি'র নিকট হস্তান্তর করা হয়। হস্তান্তর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন **জনাব ফরহাদ হোসেন এমপি,** মাননীয় প্রতিমন্ত্রী, জনপ্রশাসন মন্ত্রণালয় এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন **জনাব কে এম আলী আজম,** সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় ও **জনাব মোঃ নজরুল ইসলাম**, সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন **জনাব মোঃ মিজানুর রহমান**, পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর। অনুষ্ঠানে বিআরটিসি'র সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলামসহ সরকারি যানবাহন অধিদপ্তর ও বিআরটিসি'র উর্ধ্বতন কর্মকর্তাগণ।

এসি বাসে WiFi সংযোগ প্রদান

বিআরটিসির ১৯১টি বাসে WiFi সংযোগ স্থাপন করার মাধ্যমে ইন্টারনেট সেবা চালু করা হয়েছে। এর ফলে যাত্রীসাধারণ বাসে বসেই বিনামূল্যে ইন্টারনেট ব্রাউজিং, মেইল চেক করতে সক্ষম হচ্ছেন।

কেন্দ্রীয় প্রশিক্ষণ ইনস্টিটিউট, গাজীপুর এর প্রশিক্ষণ কক্ষ আধুনিকায়ন

বিআরটিসি কেন্দ্রীয় প্রশিক্ষণ ইনস্টিটিউট, গাজীপুর এর হলরুমটি দীর্ঘ দিনের পুরাতন ভবন হওয়ায় আধুনিক ডিজিটালাইজড স্মার্ট বোর্ড স্থাপন করা হয়েছে এবং হল রুমটি সংস্কার কাজ সম্পন্ন করা হয়েছে। গত ০৪/১২/২০২১ইং তারিখ বিআরটিসি'র সম্মানিত চেয়ারম্যান জনাব তাজুল ইসলাম এ ডিজিটাল শ্রেণী কক্ষের শুভ উদ্বোধন করেন।

হলরুমের পূর্বের ছবি

হলরুমের বর্তমান ছবি

গাজীপুর বাস ডিপোর মূল ফটক আধুনিকায়ন ও ডিজেল পাম্প স্থাপন

গাজীপুর বাস ডিপোর মূল ফটক আধুনিকায়ন

গাজীপুর বাস ডিপোর অভ্যন্তরে স্থাপিত ডিজেল পাম্পটি দীর্ঘদিন পরিত্যক্ত অবস্থায় ছিল। মাননীয় চেয়্যারম্যান মহোদয় গাজীপুর বাস ডিপো পরিদর্শনকালে পরিত্যক্ত ডিজেল পাম্পটি পুনঃরায় চালুকরণের জন্য নির্দেশনা প্রদান করেন। তারই ধারাবাহিকতায় গত ০২/১২/২০২১ইং তারিখ হতে পরিত্যাক্ত ডিজেল পাম্পটি পুনরায় চালু করা হয়।

ডিপোর অভ্যন্তরে জ্বালানী (ডিজেল ও পেট্রোল) পাম্প স্থাপন

বিআরটিসি সমন্বিত কেন্দ্রীয় মেরামত কারখানা ও গাজীপুর বাস ডিপো-এর মূল ফটক দীর্ঘদিনের পুরাতন, যুগোপযোগী না হওয়ায় মূল ফটকটি দেখতে দৃষ্টিকটু দেখা যায়। মাননীয় চেয়্যারম্যান মহোদয়ের নির্দেশনায় গাজীপুর বাস ডিপোর মূল ফটকটি বর্তমান প্রেক্ষাপটে আধুনিক ও ডিজিটালাইজডকরণ করণের নির্মান কাজ চলামান রয়েছে। আশা করা যাচ্ছে খুব শীঘ্রই এর কাজ সম্পন্ন হবে।

বিআরটিসি অফিসার্স ওয়েল ফেয়ার এসোসিয়েশন এর টিম গঠন:

বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি) অফিসার্স ওয়েল ফেয়ার এসোসিয়েশন, ৩০শে সেপেটম্বর/২০২১ সালে নির্বাচিত কার্যনির্বাহি পরিষদের নব নির্বাচিত কমিটি গঠন করা হয়।

স্বাস্থ্য চিকিৎসকের তথ্য

বিআরটিসি'র সকল ডিপো/ইউনিটের কর্মকর্তা-কর্মচারীদের নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা/পরামর্শ প্রদানের জন্য নিয়োজিত ডাক্তারের সাথে যোগাযোগেঃ

	নিম্নোক্ত স্থান, তারিখ ও সময়ে ডাক্তার স্বাস্থ্য সংক্রান্ত পরামর্শ/ব্যবস্থাপত্র দিবেন।	
ডাঃ মোঃ শেখ মাহবুবুর রহমান ০১৯১১-৩২৩৯৯২ drsmrahaman17@gmail.com	**স্থানের নাম**	**তারিখ ও সময়**
	প্রধান কার্যালয়	রবিবার ও বুধবার, ১০-১২ টা
	দ্বিতল/মতিঝিল/কল্যাণপুর/ জোয়ারসাহারা/তেজগাঁও মেরামত কারখানা	সোমবার, মঙ্গলবার, বৃহস্পতিবার

সড়ক পরিবহন আইন ২০১৮ অনুযায়ী বিআরটিএর মামলার তথ্যাদি

মাসের নাম	অভিযানকৃত বাস সংখ্যা	জরিমানাকৃত বাস সংখ্যা	জরিমানার পরিমান
জুলাই ২০২১	০	০	০
আগষ্ট ২০২১	০৯	০২	১৫০০ টাকা
সেপ্টেম্বর ২০২১	০৫	০১	১০০০ টাকা
অক্টোবর ২০২১	৩৩	১৩	১৯,৬০০/-
নভেম্বর ২০২১	৩৫	১৪	২৩,০০০/-
ডিসেম্বর ২০২১	১৫	০৪	৮,৫০০/-
জানুয়ারি ২০২২	১০	০	০
ফেব্রুয়ারি ২০২২	০৬	০২	১০০০/-
মার্চ ২০২২	০৮	০২	২০০০/-
এপ্রিল ২০২২	০৮	০১	১০,০০০/-
মে ২০২২	০৫	০২	২,০০০/-
জুন ২০২২	০৫	০	০

আয়-ব্যয় সংক্রান্ত তথ্য

মাসের নাম	আয় (কোটি টাকা)	ব্যয় (কোটি টাকা)	অপারেটিং লাভ/ক্ষতি (কোটি টাকা)
জুলাই ২০২১	১৯.৭০	১৯.০৪	০.৬৬
আগষ্ট ২০২১	৩০.০৩	২৫.৬৩	৪.৪০
সেপ্টেম্বর ২০২১	৩৪.৮৮	৩০.৮৬	৪.০২
অক্টোবর ২০২১	৩৯.২৬	৩২.৮১	৬.৪৫
নভেম্বর ২০২১	৪১.২৯	৩৭.৭৫	৩.৫৪
ডিসেম্বর ২০২১	৪১.৯১	৩৮.৩০	৩.৬১
জানুয়ারি ২০২২	৪৩.০৫	৩৮.৫৭	৪.৪৮
ফেব্রুয়ারি ২০২২	৩৭.১৯	৩৪.৫৯	২.৬০
মার্চ ২০২২	৪৩.৭৯	৩৯.৫০	৪.২৯
এপ্রিল ২০২২	৪২.৩০	৩৮.৯৪	৩.৩৬
মে ২০২২	৪১.৬৬	৩৭.৫৩	৪.১৩
জুন ২০২২	৪২.২২	৩৯.১৩	৩.০৯
সর্বমোট =	**৪৫৭.২৮**	**৪১২.৬৫**	**৪৪.৬৩**

সড়ক পরিহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী প্রধান কার্যালয়ের ভবন আধুনিকায়নের শুভ উদ্বোধন এবং কর্মকর্তা-কর্মচারীদের দিকনির্দেশনা প্রদান করেন।

সড়ক পরিহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী **জনাব ওবায়দুল কাদের, এমপি** ০৩ ফেব্রুয়ারি ২০২২ তারিখে বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশনের প্রধান ভবন আধুনিকায়ন ও বঙ্গবন্ধু, মুক্তিযুদ্ধ ও বাংলাদেশ কর্ণার এর শুভ উদ্বোধন করেন এবং বিআরটিসি কর্মকর্তা-কর্মচারীদের উদ্দেশ্যে ও দিকনির্দেশনামূলক মতবিনিময় সভা করেন। বিআরটিসিকে উন্নয়নের রোল মডেল হিসেবে গড়ে তোলার জন্য মাননীয় মন্ত্রী মহোদয় বিআরটিসি কর্মকর্তা-কর্মচারীদের নিম্নোক্ত নির্দেশনা প্রদান করেন।

- জাতীর পিতার আদর্শকে ধারণ করে সকলের উপর অর্পিত দায়িত্ব পালন করতে হবে।
- অবকাঠামোগত উন্নয়নের পাশাপাশি গাড়ীর রক্ষণাবেক্ষণে সচেতন হতে হবে।
- সকল চালক, নিরাপত্তা প্রহরী ও কারিগরদের পোশাক নিশ্চিত করতে হবে।
- বেসরকারি পরিবহন মালিকদের সাথে সমন্বয় করে গাড়ী পরিচালনা করতে হবে।
- অনিয়ম, দুর্নীতিকে কোন অবস্থাতেই প্রশ্রয় দেয়া যাবেনা।
- বিআরটিসিকে আধুনিক ও লাভজনক প্রতিষ্ঠানে পরিনত করতে সকলকে একযোগে কাজ করতে হবে।

বিআরটিসি'র সক্ষমতা বৃদ্ধি ও শুদ্ধাচার বিষয়ক কর্মশালা।

বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি) একটি রাষ্ট্রীয় বাণিজ্যিক পরিবহন সেবা সংস্থা। অদ্যকার এ কর্মশালার উদ্দেশ্য হচ্ছে বিআরটিসির কর্মকর্তাদের শুদ্ধাচারের মাধ্যমে স্বচ্ছতা, জবাবদিহিতা, দুর্নীতিমুক্ত ও পরিচ্ছন্ন প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলা। বিআরটিসিকে জড়াজীর্ণ অবস্থান থেকে উত্তরণ ঘটানো ও সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে শক্তিশালী প্রতিষ্ঠান হিসেবে রুপান্তর করাই এ কর্মশালার মূল লক্ষ্য। এ লক্ষ্যে কর্মশালার আয়োজন করা হয়েছে।

কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন **জনাব মোঃ নজরুল ইসলাম,** সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং সভাপতিত্ব করেন **জনাব মোঃ তাজুল ইসলাম,** চেয়ারম্যান, বিআরটিসি। কর্মশালায় বিআরটিসির মূলপ্রবন্ধ উপস্থাপন করেন জনাব মোহাম্মদ সাইদুর রহমান, জেনারেল ম্যানেজার (প্রশাঃ ও পার্সোঃ), বিআরটিসি। কর্মশালায় আরো উপস্থিত ছিলেন জনাব ফরিদা ইয়াসমিন, সভাপতি, জাতীয় প্রেসক্লাব, ঢাকা,জনাব মোঃ শফিকুল ইসলাম, ব্যবস্থাপনা পরিচালক, বিআরটি, জনাব গৌতম চন্দ্র পাল, (যুগ্মসচিব) সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ড. এস এম সালেহ উদ্দিন, গণ পরিবহন বিশেষজ্ঞ, বিআরটিসির পরিচালকবৃন্দ, ড. মোঃ জিয়াউদ্দিন, যুগ্মসচিব, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ, কাজী মোঃ সাইফুন নেওয়াজ, সহকারি অধ্যাপক, এআরআই, বুয়েট,বিআরটিসির জেনারেল ম্যানেজারবৃন্দ, পরিবহন মালিক সমিতির প্রতিনিধিবৃন্দ, বিআরটিসি সকল ইউনিট প্রধানগণ, প্রধান কার্যালয়ের কর্মকর্তাবৃন্দ, স্ট্যাকহোল্ডারগণ।

কর্মশালার গুরুত্বপূর্ণ সুপারিশসমূহ

বিআরটিসি'র সক্ষমতা বৃদ্ধি ও শুদ্ধাচার বিষয়ক কর্মশালায় বিআরটিসির মূল প্রবন্ধ উপস্থাপন, মূল প্রবন্ধের উপর আলোচনা ও উম্মুক্ত আলেচানার মাধ্যমে উপস্থিত অংশগ্রহণকারী অতিথিবৃন্দ ও স্ট্যাকহোল্ডারগণ নিম্নোক্ত গুরুত্বপূর্ণ সুপারিশসমূহ প্রদান করেন।

ক) বিআরটিসিকে আধুনিকায়ন করার লক্ষ্যে ষ্ট্যাক হোল্ডারদের মতামত-কে প্রাধান্য দিতে হবে।

খ) গাড়ি ছাড়ার ও গন্তব্যে পৌছার সময় নির্ধারণ করতে হবে।

গ) বাসে ভাড়ার তালিকা, চালকের লাইসেন্স, গাড়ীর নম্বর, অভিযোগ জানানোর নম্বর দৃশ্যমান অবস্থায় থাকতে হবে।

ঘ) বিআরটিসি'র অব্যবহৃত জায়গা গুলোকে ব্যবহার উপযোগী করে রাজস্ব বৃদ্ধির ব্যবস্থা করতে হবে।

ঙ) গাড়িগুলোকে সঠিক রক্ষণাবেক্ষণের মাধ্যমে পরিচালনা করতে হবে।

চ) সরকারী আদেশ-নির্দেশ মেনে পরিবহন পরিচালনা করতে হবে।

ছ) লীজিদেরকে জবাব দিহিতার মধ্যে আনতে হবে।

জ) ডিপো ও গাড়ি মনিটরিং ব্যবস্থা আরো বৃদ্ধি করতে হবে।

ঝ) করোনাকালীন সময়ে যথাযথভাবে স্বাস্থ্যবিধি মেনে সতর্কতার সাথে দায়িত্ব পালনে সবাইকে সচেষ্ট থাকতে হবে।

বিআরটিসির পরিচালনা পর্ষদের ২৯১তম (সড়ক পরিবহন আইন ২০২০ অনুযায়ী ৩য়) সভার গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ

বিআরটিসি সভাকক্ষে, ২৮/০৩/২০২২ খ্রিঃ, সকাল ১১:০০ ঘটিকায় বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি) এর পরিচালনা পর্ষদের ২৯১তম পর্ষদ (সড়ক পরিবহন আইন ২০২০ অনুযায়ী ৩য়) সভায় সভাপতিত্ব করেন জনাব মোঃ তাজুল ইসলাম, অতিরিক্ত সচিব, চেয়ারম্যান, বিআরটিসি। উক্ত সভায় উপস্থাপিত সকল আলোচ্যসূচি উপস্থিত পর্ষদ সদস্য কর্তৃক অনুমোদিত হয়। অনুমোদিত গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ উপস্থাপন করা হ'ল।

সিদ্ধান্তসমূহ

- ০৩ জন চালকের চাকুরী স্থায়ীকরণের বিষয়ে ২৯০তম পর্ষদ সভার সিদ্ধান্ত মোতাবেক গঠিত কমিটির প্রতিবেদনের আলোকে চাকরি স্থায়ী করার প্রস্তাব পর্ষদকর্তৃক অনুমোদিত হয়।
- "বিআরটিসি'র জন্য ইলেকট্রিক একতলা এসি বাস সংগ্রহ" শীর্ষক প্রকল্পের আওতায় ১০টি ইলেকট্রিক চার্জিং স্টেশন স্থাপনাসহ ৫০টি ইলেক্ট্রিক বাস ও ৩০% যন্ত্রাংশ সংগ্রহের বিষয়ে (Feasibility Study) সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন/পরামর্শদাতা (Consultant) নিয়োগের জন্য ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা ব্যয়ের প্রস্তাব পর্ষদকর্তৃক সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।
- "বিআরটিসি'র জন্য সিএনজি একতলা এসি বাস সংগ্রহ" শীর্ষক প্রকল্পের ৩২০টি সিএনজি একতলা এসি বাস ও ৩০% যন্ত্রাংশ সংগ্রহের বিষয়ে (Feasibility Study) সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন/পরামর্শদাতা (Consultant) নিয়োগের জন্য ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা ব্যয়ের প্রস্তাব পর্ষদকর্তৃক সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।
-

- কর্পোরেশনের বিভিন্ন ডিপো/ইউনিটের দীর্ঘদিনের পুরাতন ১১২টি (একশত বারো) টি গাড়ির বডি, ইঞ্জিন, ফুয়েল পাম্প, গিয়ার বক্স, ষ্টিয়ারিং বক্সসহ অন্যান্য প্রধান প্রধান যন্ত্রাংশ অকেজো এবং মেরামতের অযোগ্য। ১১২ (একশত বারো) টি গাড়ি অকেজো (কনডেম) ঘোষণা করার প্রস্তাব পর্ষদকর্তৃক অনুমোদিত হয়।
- গত ০৩/১১/২০২০ তারিখে পূর্ববর্তী চেয়ারম্যান কর্তৃক অনুমোদনকৃত বিইআর ঘোষিত ১৬টি অকেজো গাড়ি নিলামে বিক্রয়ের বিষয়টি TOC সভা এবং গত TEC সভার সুপারিশের আলোকে নিলাম বিক্রয়ের কার্যক্রম সম্পন্ন করার প্রস্তাবটি পর্ষদ কর্তৃক সর্বসম্মতিক্রমে ভূতাপেক্ষভাবে অনুমোদিত হয়।

বিআরটিসি'র রাজস্ব বৃদ্ধি, গাড়ী পজিশন নিশ্চিতকরণ ও মাইলেজ নির্ধারণের লক্ষ্যে পরিচালিত VTS এর মেয়াদ ৩১/১২/২১ তারিখে শেষ হয়। ইতোমধ্যে বিআরটিসির ৭০১টি বাস ও ৫০১টি ট্রাকে VTS চালু করার লক্ষ্যে টেন্ডার প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক ২০২২- এ বিআরটিসি

বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক ২০২২ প্রদানে লক্ষ্যে আবেদন সরেজমিনে পরিদর্শন এবং প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সংগ্রহের জন্য ২৩/০৫/২০২২ তারিখে প্রতিনিধি প্রেরণ করা হয়। জনাব দেলোয়ারা বেগম অতিরিক্ত সচিব (শৃংখলা-১ অধিশাখা) ও জনাব মো: আমিনুর রহমান, সিনিয়র সহকারী সচিব (শৃংখলা-২) জনপ্রশাসন মন্ত্রণালয় হতে ২ জন প্রতিনিধি প্রেরণ করা হয়। বিআরটিসি সম্মেলন কক্ষে বিআরটিসি'র সম্মানিত চেয়ারম্যান জনাব মো: তাজুল ইসলামসহ পরিচালক ও জিএম বৃন্দের উপস্থিতিতে জনসেবায় উদ্ভাবন-এ বিআরটিসি সেবা সহজিকরন সংক্রান্ত বিষয়ে প্রেজেন্টেশন ও প্রয়োজনীয় তথ্যাদি উপস্থাপন করা হয়। এ প্রেজেন্টেশন উপস্থাপন ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশ্নের উত্তর প্রদানের পর বিআরটিসিকে চূড়ান্তভাবে মনোনয়ন দেয়া হয় এবং বিআরটিসির আবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়।

২০২১-২২ অর্থ বছরে বিআরটিসি'র শুদ্ধাচার পুরস্কার গ্রহণকারী কর্মকর্তা-কর্মচারীদের নামের তালিকা

❖ **প্রধান কার্যালয়ের ২য় গ্রেড হতে ০৯ম গ্রেড পর্যন্ত:**

ক) মেজর মো: মোক্তারুজ্জামান, জেনারেল ম্যানেজার (আইসিডব্লিউএস)।

খ) মোহাম্মদ সাইদুর রহমান, সচিব, বিআরটিসি।

❖ **আওতাধীন বিভাগীয়/আঞ্চলিক কার্যালয়ের প্রধানদের মধ্য হতে:**

ক) জনাব মো: মফিজ উদ্দিন, ম্যানেজার (অপারেশন), চট্টগ্রাম ট্রাক ডিপো।

❖ **প্রধান কার্যালয়ের ১০ম গ্রেড হতে ১৬তম গ্রেড পর্যন্ত:**

ক) জনাব শামসুন নাহার, উচ্চমান সহকারী, প্রশাসন বিভাগ।

খ) জনাব মো: শফিকুল ইসলাম, উচ্চমান সহকারী, কারিগরি বিভাগ।

❖ **প্রধান কার্যালয়ের ১৭তম গ্রেড হতে ২০তম গ্রেড পর্যন্ত:**

ক) জনাব মো: দেলোয়ার হোসেন, নিরাপত্তা প্রহরী (ভা: গার্ড কমান্ডার)।

খ) জনাব মো: আমিনুল ইসলাম, নিরাপত্তা প্রহরী।

বিশেষ মেধা এবং উন্নয়নমূলক কর্ম সম্পাদনের নিমিত্ত পুরস্কার প্রাপ্তদের নামের তালিকা

- ❖ জনাব গোলাম ফারুক, ডিজিএম (চলতি দায়িত্ব)
- ❖ জনাব মো: শাহীনুল ইসলাম, পরিযান কর্মকর্তা
- ❖ জনাব মো: মনিরুজ্জামান (বাবু), ডিজিএম (স্টোর এন্ড প্রভিশনিং)
- ❖ জনাব মুহাম্মদ মসিউজ্জামান, ইন্সট্রাক্টর
- ❖ জনাব সুবর্না রানী রায়, ম্যানেজার (প্ল্যানিং)
- ❖ জনাব রতন চন্দ্র দে, কারিগর-সি(সাধারণ), মেরামত কারখানা গাজীপুর
- ❖ জনাব মনিরুজ্জামান মিয়া,ম্যানেজার (টেক:)
- ❖ জনাব ওমর ফারুক মেহেদী, ডেপুটি ট্রেনিং ম্যানেজার
- ❖ জনাব মো: রমজান হোসেন , হিসাবরক্ষণ কর্মকর্তা
- ❖ জনাব দেবাশীষ মজুমদার, প্রশাসনিক কর্মকর্তা
- ❖ জনাব মো: শাহীন মিয়া-৫, চালক-সি ঢাকা ট্রাক ডিপো (সর্বোচ্চ রাজস্ব অর্জনকারী)
- ❖ জনাব মো: নূর ইসলাম বাবলা চালক, বগুড়া বাস ডিপো (সর্বোচ্চ রাজস্ব অর্জনকারী)
- ❖ জনাব মোশারফ হোসেন, হিসাবরক্ষণ কর্মকর্তা
- ❖ জনাব রিয়াজুল আলম, হিসাবরক্ষণ কর্মকর্তা
- ❖ জনাব নাদিম ভূইয়া, সহকারী পরিযান কর্মকর্তা
- ❖ জনাব তারিকুল ইসলাম রাসেল, হিসাব সহকারী গ্রেড-২

অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের গ্রাচুইটি, সিপিএফ ও ছুটিনগদায়নের অর্থ অনলাইনে প্রদান

০৩/০৪/২০২২ তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় বিআরটিসির সভাকক্ষে ৪৩৪জন অবসরপ্রাপ্ত কর্মকর্তা কর্মচারীর গ্র্যাচুইটি, সিপিএফ ও ছুটিনগদায়নের ৪,৭৮,৫৭,০০০/- টাকা Online Banking এর মাধ্যমে প্রদান করা হয়। এছাড়া ০৩/০৭/২০২২ তারিখে অবসরপ্রাপ্ত কর্মকর্তা কর্মচারীর গ্র্যাচুইটি, সিপিএফ ও ছুটিনগদায়ন বাবদ ৫.৫১ কোটি টাকা Online Banking এর মাধ্যমে প্রদান করা হয়।

বিআরটিসি লাভজনক প্রতিষ্ঠানে রূপান্তরিত হওয়ায় উচ্চমহল কর্তৃক প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় বিআরটিসির প্রশংসা

বিআরটিসি লাভজনক প্রতিষ্ঠান হিসেবে নতুন আঙ্গীকে যাত্রা শুরু করায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী বিআরটিসির ব্যাপক প্রশংসা করেন। সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের প্রত্যক্ষ দিকনির্দেশনায় ও সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মানিত সচিব মহোদয়ের তত্ত্বাবধানে এবং সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম (অতিরিক্ত সচিব) মহোদয়ের অক্লান্ত পরিশ্রমের ফসল আজকেরই লাভজনক বিআরটিসি প্রতিষ্ঠান। এ বিষয়ে প্রিন্ট মিডিয়া ও ইলেক্ট্রনিক মিডিয়ায় সংবাদ প্রকাশিত হয়। চেয়ারম্যান মহোদয়সহ বিআরটিসির সকল কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহনে আজ বিআরটিসি প্রশংসিত।

আমাদের সময়

পাতা ১২ ই-পেপার [২৮ এপ্রিল ২০২২]

প্রধানমন্ত্রী বললেন অর্থনীতিকে গতিশীল করতে যোগাযোগব্যবস্থা সহজ করছি

অর্থনীতিকে গতিশীল করতে যোগাযোগ

ইলেক্ট্রনিক মিডিয়ায় বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান মহোদয়ের সাক্ষাত

বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম পদ্মা সেতু দিয়ে দক্ষিণ অঞ্চলের বিভিন্ন জেলার ২৩টি রুটে বিআরটিসির বাস পরিচালনা করার বিষয় নিয়ে **সময় টিভিতে** স্বাক্ষাতকার প্রদান করেন।

ইলেক্ট্রনিক মিডিয়ায় বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান মহোদয়ের অংশগ্রহণ

বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম স্বপ্নের পদ্মা সেতু দিয়ে দক্ষিণ অঞ্চলের বিভিন্ন জেলার ২৩টি রুটে বিআরটিসির বাস পরিচালনা ও সামগ্রিক বিষয় নিয়ে **দেশ টিভি'র** "অনন্য উচ্চতায় বাংলাদেশ নামক অনুষ্ঠানে" অংশ গ্রহন করেন।

ইলেক্ট্রনিক মিডিয়ায় বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান মহোদয়ের টকশোতে অংশগ্রহণ

বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম ঢাকা নগর পরিবহনে বিআরটিসির বাস পরিচালনার সামগ্রিক বিষয় নিয়ে **৭১ টিভির টকশোতে** অংশ গ্রহণ করেন।

সমৃদ্ধ বাংলাদেশের প্রতিচ্ছবি
আনন্দবাজার
The Daily Anandabazar

পুনরায় ঘুরলো আন্তঃদেশীয় বাসের চাকা

অশোক দত্ত, ঢাকা
জুন ১০, ২০২২

দুই বছরের বেশি সময় ধরে বন্ধ থাকার পর পুনরায় চালু হলো আন্ত:দেশীয় বাস চলাচল। শুক্রবার (১০ জুন) সকাল ৭.৩০মিনিটে ঢাকার কমলাপুর বিআরটিসি বাস ডিপো থেকে কোলকাতার উদ্দেশ্যে যাত্রী নিয়ে রওয়ানা করে শ্যামলী এন,আর, বিআরটিসি পরিবহনের একটি বাস। শুক্রবার (১০জুন) সকালে কমলাপুর বিআরটিসি বাস ডিপো থেকে যাত্রা শুরু করা শামলী এন আর, বিআরটিসি পরিবহনের উদ্বোধন করেন বিআরটিসি চেয়ারম্যান জনাব তাজুল ইসলাম।

Monday, June 13, 2022
NEWAGE

Bangladesh-India bus services resume

Staff Correspondent | Updated at 01:22am on June 11, 2022

Bangladesh Road Transport Corporation chair Md Tajul Islam inaugurates the resumption of cross-border bus services between Bangladesh and India on Friday at Kamalapur Bus Depot in Dhaka. — Focus Bangla photo

The cross-border bus services between Bangladesh and India resumed on Friday, over two years after the suspension of the services due to the Covid pandemic.
Under the management of Bangladesh Road Transport Corporation, the Shyamoli NR Travels started the services on Dhaka-Kolkata route from BRTC's Motijheel International bus depot in Dhaka in the morning.

ঢাকা টাইমস
www.dhakatimes24.com
কঠিনের সহজ প্রকাশ

সড়ক পরিবহন বিভাগের সচিবকে বিআরটিসির অবসর-উত্তর ছুটি সংবর্ধনা

নিজস্ব প্রতিবেদক, ঢাকা টাইমস | প্রকাশিত : ২৮ মে ২০২২, ২০:১১

আজ বিআরটিসি প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সচিব মো. নজরুল ইসলাম মহোদয়ের অবসর-উত্তর ছুটি উপলক্ষ্যে বিআরটিসি কর্তৃক সম্বর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে সম্মানিত সচিব মহোদয়ের কর্মজীবনের স্মৃতি চারণে বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান ও সম্বর্ধনা অনুষ্ঠানের সভাপতি মো. তাজুল ইসলাম, বিআরটিসির পরিচালকরা, জিএমবৃন্দসহ উর্ধ্বতন কর্মকর্তারা বক্তব্য প্রদান করেন।

দৈনিক ডেল্টা টাইমস
www.deltatimes24.com
সবার সাথে সব সময়
সোমবার • ২০ জুন ২০২২ • ৬ আষাঢ় ১৪২৯ • ২০ জিলক্বদ ১৪৪৩

বিআরটিসিতে গণশুনানি অনুষ্ঠিত

বিআরটিসিতে জাতীয় শুদ্ধচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর আওতায় গতকাল রোববার গণশুনানি অনুষ্ঠিত। রাজধানীর মতিঝিল বিআরটিসি আন্তর্জাতিক বাস ডিপোতে অনুষ্ঠিত গণশুনানিতে প্রধান অতিথি ছিলেন সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সচিব এ বি এম আমিন উল্লাহ নুরী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিআরটিসির চেয়ারম্যান ও অতিরিক্ত সচিব মোঃ তাজুল ইসলাম।

ইলেক্ট্রনিক মিডিয়ায় বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান মহোদয়ের সাক্ষাত

বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম বিআরটিসির বাস বহর পরিচালনা করে লাভজনক প্রতিষ্ঠানে রূপান্তর করার মূলমন্ত্র কি? এ ধারা অব্যাহত রাখতে করণীয় ও সড়ক পরিবহন ব্যবস্থার সামগ্রিক বিষয় নিয়ে **সময় টিভিতে** স্বাক্ষাতকার প্রদান করেন।

সংবাদ পত্রে বিআরটিসির তথ্য

মহিলাদের আন্তর্জাতিক মানের প্রশিক্ষণ প্রদান

গত ০৬/০২/২০২২ তারিখে **৭১ টিভিতে** বিআরটিসি বরিশাল বাস ডিপো ও প্রশিক্ষণ কেন্দ্রে মহিলাদের ড্রাইভিং প্রশিক্ষণের পাশাপাশি ইংরেজী, আরবী ভাষা শিক্ষাসহ আন্তর্জাতিক মানের প্রশিক্ষণ প্রদানের সংবাদ প্রকাশিত হয়।

যানজট নিরসনে বিআরটিসি ও সিটি কর্পোরেশনের মধ্যে সমঝোতা স্মারক (MoU)

মাননীয় মেয়র জনাব মোঃ আতিকুল ইসলাম, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন এর মধ্যে অনুষ্ঠিত হয়েছে ঢাকাবাসীর নাগরিক সুবিধা বৃদ্ধিতে WIN-WIN পদ্ধতিতে ১২/০৪/২০২২ তারিখে বিআরটিসি ও সিটি কর্পোরেশনের মধ্যে সমঝোতা স্মারক (MoU)। এ স্মারকে বিআরটিসি মোঃপুরের যানজট নিরসনে কিছু জায়গা ছেড়ে দেয়ার পরিবর্তে বিআরটিসির ডিপোর অফিস ও গাড়ী পার্কিংসহ দ্বিতল পাকা অবকাঠামোগত উন্নয়ন করা হবে। বক্তব্যে ঢাকা উত্তরের মেয়র জনাব মোঃ আতিকুল ইসলাম বিআরটিসির চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলামকে একজন ডায়নামিক, দক্ষ, সৎ, প্রোএকটিভ কর্মকর্তা হিসেবে লোকসানী প্রতিষ্ঠান বিআরটিসিকে নিয়মিত লাভজনক প্রতিষ্ঠান হিসেবে রূপান্তরিত করতে নেতৃত্ব প্রদানকারী হিসেবে ব্যাপক প্রশংসা করেন। তিনি আরো বলেন, বিআরটিসির চেয়ারম্যানের আপনার সততা, দক্ষতা, প্রোএকটিভনেস ও বিচক্ষণতায় মুগ্ধ ও অভিভূত। ইতোপূর্বে "ঢাকা নগর পরিবহন" এর সভায় ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপসও বিআরটিসির সম্মানিত চেয়ারম্যানের একই রকম প্রশংসা করেছেন।

বিআরটিসি চালক ও কারিগরদের ডোপ টেস্ট কার্যক্রম গ্রহণ

সরকারী নির্দেশনা বাস্তবায়ন করার লক্ষ্যে ও সড়ক দূর্ঘটনা রোধকল্পে সকল চালক ও কারীগরদের ডোপ টেষ্ট করার জন্য নিদের্শনা প্রদানপূর্বক গত ২৩/৩/২০২২ ইং তারিখে পত্র জারী করা হয়েছে। সে মোতাবেক সকল ডিপো/ইউনিটসমূহ চালক ও কারীগরদের ডোপ টেষ্ট করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করেছেন।

পবিত্র ঈদুল ফিতর উপলক্ষ্যে বিআরটিসির গৃহীত কার্যক্রম

পবিত্র ঈদুল ফিতর উপলক্ষ্যে বিগত বৎসরের ন্যায় ঘরমুখো মানুষের সহজ ও আরামদায়ক যাতায়াতের সুবিধার্থে বিআরটিসি নিম্নোক্ত পদক্ষেপসমূহ গ্রহণ করেন।

- বিভিন্ন ডিপো হতে ২২ এপ্রিল ২০২২ তারিখ হতে অগ্রীম টিকিট বিক্রী করা হয়।
- ঈদ সার্ভিস প্রদানের জন্য বিভিন্ন পয়েন্টে ৬০টি বাস স্ট্যান্ডবাই রাখা হয়েছে।
- ঈদ সার্ভিসে অনিয়ম, অতিরিক্ত যাত্রী ও ভাড়া, টিকিট কালোবাজারী ইত্যাদি সার্বিক বিষয় তদারকি করার জন্য অপারেশনাল টিম গঠন করা হয়।
- কর্মজীবি ও গার্মেন্টস কর্মীদের জন্য স্বল্প ভাড়ায় রিজার্ভ বাস প্রদান করা।
- বিআরটিএ'র নিয়ন্ত্রণ কক্ষে বিআরটিসির কর্মকর্তাদের দায়িত্ব প্রদান করা।
- তাৎক্ষনিক বাস মেরামত কাজ সম্পদানের জন্য কারিগরী টিম গঠন।
- বিআরটিসির প্রধান কার্যালয়ে নিয়ন্ত্রণ কক্ষ পরিচালনার জন্য কর্মচারীদের দায়িত্ব প্রদান করা।
- ঢাকা হতে ঢাকার বাহিরে ৮১৭টি বাস ও ঢাকার বাহিরে আন্তঃজেলা রুটে ৪০৮টি বাস যাত্রী সাধারণের সুবিধার্থে নিয়োজিত করা হয়।
- রুট ভিত্তিক ভাড়ার চার্ট ও ঈদ স্পেশাল সার্ভিস সম্বলিত ব্যানার দৃশ্যমান স্থানে স্থাপন করা হয়।
- দূর্ঘটনা হ্রাস কল্পে চালকদের মোটিভেশনাল প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

অফিস সহকারি কাম কম্পিউটার অপারেটর নিয়োগ প্রদান

গত ০৮/০৪/২০২২ তারিখে অফিস সহকারি কাম কম্পিউটার অপারেটর নিয়োগের লিখিত পরীক্ষা গ্রহণ এবং ঐ দিনই রাতে ওয়েব সাইটে লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়। গত ০৯/০৪/২০২২ তারিখে ব্যবহারিক পরীক্ষা গ্রহণ এবং ফলাফল প্রকাশ করা হয়। ১০/০৪/২০২২ তারিখে নিয়োগ পরীক্ষার চূড়ান্ত ফলাফল ঘোষণা করা হয়। গত ২০/০৪/২০২২ তারিখে যোগদান সংক্রান্ত নিয়োগ আদেশ জারী করা হয়। গত ০৮/০৫/২০২২ তারিখে কর্পোরেশনে যোগদান করেন। ০৮/০৫/২০২২ তারিখ হতে ১৬/০৫/২০২২ তারিখ পর্যন্ত যোগদানকৃত অফিস সহকারি কাম কম্পিউটার অপারেটরদের বিভিন্ন বিষয়ে ওরিয়েন্টেশন কোর্স করানো হয়। ওরিয়েন্টেশন কোর্স শেষে ১৭/০৫/২০২২ তারিখে নবনিয়োগকৃত অফিস সহকারি কাম কম্পিউটার অপারেটরদের প্রধান কার্যালয়সহ বিভিন্ন ডিপো/ইউনিটে পদায়ন করা হয়।

প্রধান কার্যালয়সহ সকল ডিপো/ইউনিটে ইফতার পার্টি ও দোয়া মাহফিলের আয়োজন

গত ১২/০৪/২২খ্রিঃ তারিখ বিআরটিসির প্রধান কার্যালয়ে মাসিক সমন্বয় সভা অনুস্ঠিত হয়। সমন্বয় সভা শেষে উপস্থিত প্রধান কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারিসহ সকল ডিপো/ইউনিটের ম্যানেজার/ইউনিট প্রধানদের নিয়ে ইফতার পার্টির আয়োজন করা হয়। উক্ত ইফতার পার্টিতে সম্মানিত চেয়ারম্যান মহোদয়সহ উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। এছাড়াও রমজান মাস ব্যাপি সকল ডিপো/ইউনিটে কর্মকর্তা-কর্মচারিদের নিয়ে ইফতার পার্টির আয়োজন করা হয়।

বিআরটিসির সকল ডিপো/ইউনিটের ওয়েব সাইট চালুকরণ

এটুআই ও বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক বিআরটিসির সকল ডিপো/ইউনিটের ওয়েব সাইট প্রস্তুত করা হয়। প্রস্তুতকৃত ওয়েব সাইট যথাযথভাবে পরিচালনা করার জন্য গত ২০/০৪/২০২২ তারিখে বিআরটিসির সকল ডিপো/ইউনিটের ওয়েব সাইট চালু করার লক্ষ্যে প্রধান কার্যালয় হতে সকল ডিপো/ইউনিটসমূহের প্রতিনিধিদের প্রশিক্ষণ প্রদান করা হয়।

সকল ডিপোতে র‍্যাম্প নির্মাণ কার্যক্রম

সম্মানিত চেয়ারম্যান মহোদয়ের জরুরী নির্দেশনা ডিপোসমূহে র‍্যাম্প স্থাপন করতে হবে এবং যে সকল ডিপোতে র‍্যাম্প অকার্যকর রয়েছে ঐ সমস্ত র‍্যাম্প মেরামতপূর্বক কাজের উপযোগী করে তুলতে হবে। উক্ত নির্দেশনার আলোকে এবং বিআরটিসির উন্নয়নের ধারা অব্যাহত রাখার লক্ষ্যে বিআরটিসির ডিপোগুলিতে নিজস্ব অর্থায়নে র‍্যাম্প নির্মাণ ও মেরামত করা হয়।

বিআরটিসির সকল ডিপোর গাড়ী (রুটে পরিচালিত বাস ও স্টাফ বাস) এর মেরামত কার্যক্রম

বিআরটিসির সকল ডিপোর নিয়ন্ত্রণে পরিচালিত গাড়ীগুলো জরুরীভিত্তিতে দৃষ্টিনন্দন ও ত্রুটি মুক্ত করে অনরুট করার জন্য সম্মানিত চেয়ারম্যান মহোদয় নির্দেশনা প্রদান করেন। সে প্রেক্ষিতে সকল ডিপোর দৃষ্টিকটু ও ত্রুটিযুক্ত গাড়ী মেরামত করে স্থির ও ভিডিও চিত্র কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করা হয়। এছাড়াও বাংলাদেশ সরকারী কর্মচারী কল্যাণ বোর্ড এ স্টাফ বাস হিসেবে পরিচালিত কল্যাণপুর ও গাবতলী বাস ডিপোর নিয়ন্ত্রণে পরিচালিত গাড়ীগুলি অত্র কর্পোরেশনের মাননীয় চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে গাড়ীগুলো মেরামতপূর্বক নতুন রূপে সাজানো হয়েছে ।

পদ্মা সেতু দিয়ে দক্ষিনাঞ্চলের বিভিন্ন জেলায় বিআরটিসি কর্তৃক পরিচালিত রুটের তথ্য

ক্রম	ডিপোর নাম	রুটের বিবরণ	বাস সংখ্যা	ধরন	২৬/০৬/২০২২ তারিখ হতে চলমান
১	মতিঝিল বাস ডিপো	ঢাকা (গুলিস্তান)- খুলনা ভায়া পদ্মা ব্রীজ-গোপালগঞ্জ-ফকিরহাট	১৬	এসি	১৬টি
		ঢাকা (গুলিস্তান)- বেনাপোল ভায়া পদ্মা ব্রীজ-ভাঙ্গা-গোপালগঞ্জ-খুলনা-যশোর	০২		--
		ঢাকা (গুলিস্তান)- সাতক্ষীরা ভায়া পদ্মা ব্রীজ-ভাঙ্গা- গোপালগঞ্জ-খুলনা	০২		--
২	যাত্রাবাড়ি বাস ডিপো	ঢাকা (গুলিস্তান)- বরিশাল ভায়া পদ্মা ব্রীজ-ভাঙ্গা- টেকেরহাট-মোস্তফাপুর-গৌড়নদী	০১	এসি	--
		ঢাকা (গুলিস্তান)- শরিয়তপুর ভায়া পদ্মা ব্রীজ-ভাঙ্গা-জাজিরা	০১	এসি	০২টি
৩	গাবতলী বাস ডিপো	গুলিস্তান-যশোর ভায়া পদ্মা ব্রীজ-ভাঙ্গা-ভাটিয়াপাড়া-নড়াইল-যশোর	০২	এসি	০২টি
৪	মিরপুর বাস ডিপো	মিরপুর ১২- বরিশাল-ভায়া ফুলবাড়িয়া-সায়দাবাদ-ভাঙ্গা-মোস্তফাপুর-গৌড়নদী	০২	এসি	০১টি
৫	জোয়ারসাহারা বাস ডিপো	ঢাকা (আব্দুল্লাহপুর)-মাদারীপুর ভায়া শিবচর-টেকেরহাট-মোস্তফাপুর	০৪	এসি	--
		ঢাকা (আব্দুল্লাহপুর)-পয়সারহাট ভায়া পদ্মা ব্রীজ-ভাঙ্গা-মোস্তফাপুর-গৌড়নদী-আগৈলঝরা	০২	এসি	০২টি
৬	নরসিংদী বাস ডিপো	নরসিংদী- চরমুগুরিয়া ভায়া গুলিস্তান-মাওয়া-পদ্মা ব্রীজ-শিবচর-মাদারীপুর	০১	এসি	০১টি
		নরসিংদী-কাশিয়ানি ভায়া গুলিস্তান-মাওয়া-মুকসুদপুর	০১	এসি	--

৭	মোহাম্মদপুর বাস ডিপো	ঢাকা-শরিয়তপুর ভায়া মাওয়া-পদ্মা ব্রীজ- জাজিরা	০১	এসি	০২টি
		ঢাকা-কুয়াকাটা ভায়া পদ্মা ব্রীজ-ভাঙ্গা-বরিশাল-পটুয়াখালী	০১	এসি	--
৮	টুঙ্গিপাড়া বাস ডিপো	ঢাকা-খুলনা ভায়া পদ্মাব্রীজ-ভাঙ্গা-গোপালগঞ্জ-ফকিরহাট-কাটাখালি	০৭	এসি	০৭টি
		ঢাকা- যশোর ভায়া পদ্মা ব্রীজ-ভাঙ্গা-ভাটিয়াপাড়া-কালনাঘাট-লোহগড়া-নাড়াইল	০১	এসি	--
		ঢাকা-পিরোজপুর ভায়া পদ্মা ব্রীজ-ভাঙ্গা-মুকসুদপুর-গোপালগঞ্জ-টুঙ্গিপাড়া-নাজিরপুর	০১	এসি	০১টি
		ঢাকা-কোটালীপাড়া ভায়া ভাঙ্গা-গোপালগঞ্জ	০১	এসি	০১টি
৯	নারায়ণগঞ্জ বাস ডিপো	ঢাকা (গুলিস্তান)-গোসাইরহাট ভায়া শরিয়তপুর-ড্যামুডা বাইপাস	০১	এসি	০২টি
		ঢাকা(গুলিস্তান)-মোল্লারহাট ভায়া শরিয়তপুর-প্রেমতলি	০১	এসি	০১টি
		ঢাকা(গুলিস্তান)-নড়িয়া ভায়া ভাঙ্গা-শরিয়তপুর-কার্তিকপুর	০১	এসি	০১টি
		ঢাকা (আব্দুল্লাহপুর)-পয়সারহাট ভায়া পদ্মা ব্রীজ-ভাঙ্গা-মোস্তফাপুর-গৌড়নদী-আগৈলঝরা	০১	এসি	০১টি
১০	বরিশাল বাস ডিপো	বরিশাল-ঢাকা(গুলিস্তান) ভায়া ভাঙ্গা-পদ্মা ব্রীজ-যাত্রাবাড়ি	০৯	এসি	১০টি
		কুয়াকাটা-ঢাকা ভায়া পটুয়াখালী-বরিশাল- ভাঙ্গা-পদ্মা ব্রীজ-যাত্রাবাড়ি	০২	এসি	০২টি
		ভান্ডারিয়া-ঢাকা ভায়া ঝালকাঠি-বরিশাল-ভাঙ্গা-পদ্মা ব্রীজ	০২	এসি	০১টি
		বাউফল-ঢাকা ভায়া বরিশাল-পদ্মা ব্রীজ-যাত্রাবাড়ি	০২	এসি	--
		ঢাকা (গুলিস্তান)-বরগুনা ভায়া কাঁঠালবাড়ি	০১	নন এসি	--
১১	কল্যাণপুর বাস ডিপো	ঢাকা-কুয়াকাটা ভায়া পদ্মা ব্রীজ-ভাঙ্গা-বরিশাল-পটুয়াখালী	০২	এসি	--
		মোট=	৬৮		৫৩টি

বিআরটিসির ডিজিটাল কার্যক্রম সম্প্রসারণ

ড্রাইভিং প্রশিক্ষণে ই-রেজিস্ট্রেশন ও মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ফি পরিশোধ

ড্রাইভিং প্রশিক্ষণ কার্যক্রম গতিশীল করা এবং অতিসহজে ঘরে বসেই অনলাইনে আলাদা প্লাটফর্মে ই-রেজিস্ট্রেশন ও মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ফি পরিশোধ করে ড্রাইভিং প্রশিক্ষণ গ্রহণ করার জন্য আবেদন করতে পারেন। এ যাবত ৪টি প্রশিক্ষণ ইনস্টিটিউট ও ১৯টি প্রশিক্ষণ কেন্দ্রে ৬৮জন প্রশিক্ষণার্থী অনলাইনে সফল ভাবে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করেছেন।

ই-টিকেটিং ও অনলাইন টিকেটিং সিস্টেম

ঢাকাস্থ ৬টি রুটে বিআরটিসি বাসে ঝামেলামুক্তভাবে স্বল্প সময়ে ই-টিকেটিং এর মাধ্যমে টিকেট সংগ্রহ করা যাচ্ছে। এ যাবত প্রায় ১২ লক্ষ যাত্রী ই-টিকেটিং পদ্ধতি অবলম্বন করে টিকেট সংগ্রহ করেছেন। এছাড়াও সম্প্রতি বিআরটিসি বাসে অনলাইন টিকেটিং সিস্টেম পরীক্ষামূলকভাবে চালু করা হয়েছে।



ভ্যাহিকল ট্রাকিং সিস্টেম (ভিটিএস)

ভিটিএসের মাধ্যমে বিআরটিসি রাজস্ব বৃদ্ধি, গাড়ী অবস্থান নিশ্চিতকরণ, গতিবিধি ও মাইলেজ নির্ধারণের লক্ষ্যে বিআরটিসি'র ২২টি বাস ডিপোর ৫০১টি বাস ও ১টি ট্রাকে ভ্যাহিকল ট্রাকিং সিস্টেম (ভিটিএস) স্থাপন করা হয়েছে। ইতোমধ্যে ৭০১টি বাস ও ৫০১টি ট্রাকসহ মোট ১২০২টি যানবাহনে VTS স্থাপনের কার্যক্রম চালু করার প্রক্রিয়া গ্রহণ করা হয়েছে।



বিআরটিসির ডিপো/ইউনিট মনিটরিং করার জন্য সিসি ক্যামেরা স্থাপন

স্বচ্ছতা, জবাবদিহিতা ও অনিয়ম দূর করার লক্ষ্যে বিআরটিসির সকল ডিপো/ইউনিটে সিসি ক্যামেরা স্থাপন করা হয়েছে। সকল ডিপো/ইউনিটে ২০০ টি সিসি ক্যামেরা সংযোজন করা হয়েছে। বর্তমানে অনলাইনের মাধ্যমে মোবাইলে এবং ল্যাপটপের মাধ্যমে হেড অফিস থেকে সকল ডিপো/ইউনিটসমূহ নিয়মিত পর্যবেক্ষণ করা হচ্ছে।

সিসি ক্যামেরা স্থাপন

"আমাদের বিআরটিসি" এ্যাপ

জনসাধারণকে আধুনিক যাত্রী সেবা প্রদানের অংশ হিসেবে **"আমাদের বিআরটিসি"** এ্যাপ চালু করা হয়েছে। সম্প্রতি এ এ্যাপটি পাইলটিং হিসেবে চালু করা হয়েছে। গুলিস্তান-নারায়নগঞ্জ, কুড়িল বিশ্বরোড-বিশনন্দী রুটে ''আমাদের বিআরটিসি এ্যাপস'' চালু করা হয়। তাছাড়া পরবর্তীতে ঘাটারচর-কাঁচপুর, ঢাকা-লক্ষীপুর, মহাখালী-কিশোরগঞ্জ ও ঢাকা-নবাবগঞ্জসহ মোট ০৬টি রুটে ''আমাদের বিআরটিসি এ্যাপস'' চালু রয়েছে। এ এ্যাপের মাধ্যমে জনসাধারণ/ব্যবহারকারী মোবাইল এ্যাপ এ রুট ও বাসের সঠিক সময় ও অবস্থান সম্পর্কে জানতে পারবে। এ যাবত প্রায় ১৫০০জন যাত্রী **"আমাদের বিআরটিসি"** এ্যাপ ব্যবহার করেছেন।



বিআরটিসি ডিজিটাল ফ্লিটম্যানেজমেন্ট

বিআরটিসি'র কার্যক্রমে স্বচ্ছতা, জবাবদিহিতা ও অনিয়ম দূর করার লক্ষ্যে ডিপো/ইউনিটের বাস ও ট্রাকের আয়-ব্যয়, যন্ত্রাংশ, জ্বালানীসহ সকল কার্যক্রম অনলাইন ও অফলাইনে পরিলক্ষিত হয়ে তাৎক্ষনিক ব্যবস্থা গ্রহণ করা। প্রাথমিকভাবে ০৬টি ডিপো (জোয়ারসাহারা, কল্যাণপুর, গাবতলী, মোহাম্মদপুর, যাত্রাবাড়ী ও নারায়নগঞ্জ) এবং ০২টি ওয়ার্কশপ (সিডব্লিউএস, তেজগাঁও ও আইসিডব্লিউএস, গাজীপুর) এর মধ্যে পরীক্ষামূলকভাবে বিআরটিসি ফ্লিট ম্যানেজমেন্ট অটোমেশন সিস্টেম চালু করা হয়েছে। পর্যায়ক্রমে বিআরটিসি'র সকল ডিপোতে পূর্ণাঙ্গ অটোমেশন ব্যবস্থা চালু করা হবে।



এসি বাসে WiFi সংযোগ প্রদান

২০২১-২২ অর্থবছরে বর্তমান চেয়ারম্যান মহোদয়ের নির্দেশনায় LoC-2 এর আওতায় ভারত হতে আমদানীকৃত বিআরটিসির বহরে সংযুক্ত করা ২০০টি একতলা এসি বাস হতে ১৯৩টি বাসের মধ্যে WiFi সংযোগ স্থাপন করার মাধ্যমে বিআরটিসি বাসে Wi-Fi ইন্টারনেট সেবা/সুবিধা চালু করা হয়েছে। অবশিষ্ট ০৭টি এসি বাসে Wi-Fi internet সুবিধা চালু করার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। এর ফলে যাত্রীসাধারণ বাসে বসেই বিনামূল্যে ইন্টারনেট ব্রাউজিং, ডাউনলোড এবং মেইল চেক করতে সক্ষম হচ্ছেন।

BRTC GF এ্যাপ:

বর্তমান চেয়ারম্যান মহোদয়ের নির্দেশনায় বিআরটিসি'র অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারিগণ ঘরে বসেই BRTC GF এ্যাপের মাধ্যমে অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারিগণ সহজেই সিপিএফ/ গ্র্যাচুইটি/ ছুটিনগদায়ন সংক্রান্ত যাবতীয় তথ্য জানতে পারে।

বিআরটিসির অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীগণ BRTC GF এ্যাপস হতে গ্রাচুইটির তথ্য জানার প্রক্রিয়া

TYPE **BRTC GF** >(Send to) ০১৭৮১৭৩৮৬১৫	
ফিরতি SMS -এ তথ্য আসবে:	

ত্রৈমাসিক সমাচার

বিআরটিসির কর্পোরেট ভাবধারা সমুন্নত করা এবং স্বচ্ছতা ও জবাবদিহিতার জন্য প্রতিনিয়ত ত্রৈমাসিক সমাচার প্রকাশ করা হচ্ছে।

৩য় সংখ্যা	৪র্থ সংখ্যা

	
৫ম সংখ্যা	৬ষ্ঠ সংখ্যা

১০. সংস্থার ২০২১-২২ অর্থবছরের সংশোধিত ও অনুমোদিত মোট আয়, মোট ব্যয়, নিট মুনাফা/(ঘাটতি) নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	সংশোধিত বাজেট ২০২১-২২	অনুমোদিত বাজেট ২০২১-২২
(১)	(২)	(৩)	(৪)
১.	মোট আয়	৪৮৩৯৬.৩৫	৫৯৮৫৫.৩৯
২.	মোট ব্যয়	৫৮৪৯৪.১১	৬৯৩৭৫.১৩
৩.	নিট মুনাফা/(ঘাটতি)	-১০০৯৭.৭৬	-৯৫১৯.৭৪

১১. বাজেট পর্যালোচনা

ক. বাস বিভাগ

২০২১-২২ অর্থবছরের সংশোধিত বাজেটে সচল বাসের সংখ্যা ১,১৬২ টি হবে মর্মে প্রাক্কলন করা হয়েছে। ২০২১-২০২২ অর্থবছরের সংশোধিত বাজেটে রাজস্ব আয় ৩০৬.৮৯ কোটি টাকায় দাঁড়াবে মর্মে প্রাক্কলন করা হয়েছে। ২০২১-২২ অর্থবছরের সংশোধিত বাজেটে পরিচালন লোকসান ১২৫.৯৯ কোটি টাকা হবে মর্মে ধারণা করা হচ্ছে।

খ.ট্রাক বিভাগ

২০২১-২২ অর্থবছরের সংশোধিত বাজেটে চলমান ট্রাকের সংখ্যা ৪৭৭টি হবে মর্মে প্রাক্কলন করা হয়েছে। ২০২১-২২ সংশোধিত বাজেটে রাজস্ব আয় ১৫২.১৭ কোটি টাকায় দাঁড়াবে মর্মে প্রাক্কলন করা হয়েছে। ২০২১-২২ অর্থবছরের সংশোধিত বাজেটে ৭.৭১ কোটি টাকা পরিচালন মুনাফা হবে মর্মে আশা করা যাচ্ছে।

গ. মুনাফা ও তহবিল প্রবাহ

২০২১-২২ অর্থবছরের সংশোধিত বাজেটে সংস্থার বাস ও ট্রাক বিভাগে পরিচালন লোকসানের পরিমাণ ১১৮.২৮ কোটি টাকা হবে মর্মে প্রাক্কলন করা হয়েছে। অপরিচালন আয় সমন্বয়ের পর উক্ত অর্থবছরে নিট লোকসান দাঁড়াবে ১০০.৯৮ কোটি টাকা।

ঘ. মূলধন কাঠামো

সংস্থার ৩০ জুন ২০২১ তারিখের স্থিতিপত্রের উপর ভিত্তি করে প্রণীত প্রাক্কলিত স্থিতিপত্রে দেখা যায় যে, ৩০ জুন ২০২২ তারিখের সমাপ্তিতে সংস্থার মোট সম্পদের পরিমাণ ৯৭৬.৮৭ কোটি টাকায় দাঁড়াবে। ২০২১-২২ অর্থবছরের সংশোধিত বাজেটে ঋণ মূলধন অনুপাত দাঁড়াবে ২২৯:-১২৯।

ঙ. জনবল

২০২১-২২ অর্থবছরের সংশোধিত বাজেটে সংস্থার বেতন ও ভাতাদি বাবদ ব্যয় হবে ৯৫.০২ কোটি টাকা।

প্রতিটি খাতে ব্যয়ের ক্ষেত্রে আর্থিক বিধি- বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।

SEIP এবং BRTC এর যৌথ উদ্যোগে সম্পূর্ণ সরকারি খরচে মোটরযান ড্রাইভিং এবং গাড়ী রক্ষণাবেক্ষণ প্রশিক্ষণ কার্যক্রমের Tranche 3 এর ১ম রাউন্ড এর ড্রাইভিং এবং গাড়ী রক্ষণাবেক্ষণ সম্পর্কে প্রশিক্ষণ

যোগ্যতা		সুবিধাসমূহ
হালকা ড্রাইভিং এবং গাড়ী রক্ষণাবেক্ষণ প্রশিক্ষণের জন্য	ভারী ড্রাইভিং এবং গাড়ী রক্ষণাবেক্ষণ প্রশিক্ষণের জন্য	
* ২১ থেকে ৩৫ বছরের ন্যূনতম ৮ম শ্রেণি পাশ বাংলাদেশী নাগরিক হতে হবে। * অবশ্যই জাতীয় পরিচয় পত্র (NID) থাকতে হবে। * ড্রাইভিং কে পেশা হিসাবে গ্রহন করতে হবে। * শারীরিকভাবে সুস্থ হতে হবে।	* ২১ থেকে ৪৫ বছরের ন্যূনতম ৮ম শ্রেণি পাশ বাংলাদেশী নাগরিক হতে হবে। * গাড়ী চালক হিসাবে মধ্যম লাইসেন্স থাকতে হবে এবং মধ্যম লাইসেন্স এর মেয়াদ/বয়স ৩ বছর হতে হবে। * অবশ্যই জাতীয় পরিচয় পত্র (NID) থাকতে হবে। * শারীরিকভাবে সুস্থ হতে হবে।	* প্রশিক্ষণ চলাকালীন দৈনিক যাতায়াত ভাতা ১০০ (একশত) টাকা প্রদান করা হবে। * দেশে/বিদেশে কর্মসংস্থান প্রাপ্তিতে সহযোগিতা প্রদান করা। * সফলভাবে প্রশিক্ষণ সম্পন্নকারীদের ড্রাইভিং পরীক্ষায় উত্তীর্ন স্বাপেক্ষে সরকারী খরচে হালকা ড্রাইভিং এর ক্ষেত্রে হালকা এবং ভারী ড্রাইভিং এর ক্ষেত্রে ভারী লাইসেন্স প্রদান করা হবে।

সুবিধা বঞ্চিত নারী ও উপজাতিদের অগ্রাধিকার দেওয়া হবে।

কোর্স শুরুর তারিখ ঃ ০১/০২/২০২২ইং এবং আবেদন পত্র জমা দেওয়ার শেষ তারিখ ঃ ৩১/০১/২০২২ইং

➢ **রেজিষ্ট্রেশনের জন্য যোগাযোগ:বিআরটিসি কেন্দ্রীয় প্রশিক্ষণ ইনস্টিটিউট,গাজীপুর, মোবাইল নং ০১৯২১-২১৭৯৮৯**

❖ বিআরটিসি'র ওয়েব সাইট www.brtc.gov.bd এ বর্ণিত প্রশিক্ষণে ভর্তি বিষয়ে বিস্তারিত জানতে পারবেন।

বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি)

মেরামত কারখানার তথ্য

বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি) সমন্বিত কেন্দ্রীয় মেরামত কারখানা (ICWS) গাজীপুর ও কেন্দ্রীয় মেরামত কারাখানা (CWS) তেজগাঁও-এ দক্ষ কারিগর, ফোরম্যান ও প্রকৌশলীগণের অক্লান্ত পরিশ্রম ও নিপুন পর্যবেক্ষনের মাধ্যমে কার, জীপ, মাইক্রোবাস, বাস, ট্রাক ইত্যাদি পরিবহনের মানসম্মত হালকা/ভারী মেরামত কাজ সম্পন্ন করা হয়।

কেন্দ্রীয় মেরামত কারাখানা (CWS) তেজগাঁও-এ মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর অফিসের গাড়ীসহ বিভিন্ন সরকারী, আধা সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান ও অন্যান্য প্রতিষ্ঠানসহ বিআরটিসি অবাণিজ্যিক বিভিন্ন মডেলের গাড়িসমূহ মেরামত করা হচ্ছে। সরকারী গেজেট মোতাবেক ওয়ার্কশপকে সরকারী, আধা সরকারী ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের গাড়ী মেরামতের জন্য কোন টেন্ডারের প্রয়োজন হয় না।

গাড়ী চালানোর আগে করণীয়

- ❖ জ্বালানী দেখে নেয়া
- ❖ চাকার হাওয়া চেক করা
- ❖ ব্যাটারী কানেকশন দেখা
- ❖ চালক ও গাড়ীর সকল কাগজপত্র সাথে রাখা
- ❖ ব্রেক অয়েল চেক করা
- ❖ পানি চেক করা
- ❖ মবিলের লেবেল দেখা
- ❖ বদ অভ্যাস পরিহার করা সুস্থ্যাবস্থায় নিজেকে প্রস্তুত রাখা

যোগাযোগের ঠিকানাঃ	
কেন্দ্রীয় মেরামত কারাখানা (CWS) তেজগাঁও	**সমন্বিত কেন্দ্রীয় মেরামত কারখানা (ICWS) গাজীপুর**
জনাব মোঃ নায়েব আলী ইউনিট প্রধান কেন্দ্রীয় মেরামত কারখানা (সিডব্লিউএস) টেলিফোন নং- ৯১১০৫১৭ মোবাইল নং- ০১৭১২-২৮১১২১	মেজর মোক্তারুজ্জামান ইউনিট প্রধান আই সি ডব্লিউ এস, গাজীপুর টেলিফোন নং- ৯২৬১৪১৪৩ মোবাইল নং- ০১৩২৪২৯৩৯০৭

বনভোজন, বিয়ে, জন্মদিনসহ যে কোন সামাজিক অনুষ্ঠানে সদ্য আমদানীকৃত বিলাসবহুল বিআরটিসি এসি/নন এসি বাস রিজার্ভ ভাড়া দেয়া হয়।

যোগাযোগের ঠিকানাঃ

ওয়েব সাইট: www.brtc.gov.bd
প্রধান দপ্তর: বিআরটিসি প্রধান কার্যালয়, ২১, রাজউক এভিনিউ, ঢাকা- ১০০০

সততা, বিশ্বস্থতা ও নিষ্ঠার সাথে
পণ্য পরিবহণ সেবা পেতে
বিআরটিসি'র ট্রাক ব্যবহার করুন

যোগাযোগের ঠিকানাঃ

ওয়েব সাইট: www.brtc.gov.bd
প্রধান দপ্তর: বিআরটিসি প্রধান কার্যালয়
২১, রাজউক এভিনিউ, ঢাকা- ১০০০

১. ঢাকা ট্রাক ডিপো, তেজগাঁও, ঢাকা।
মোবাইল নম্বর: ০১৩২৪২৯৩৯৫৯

২. চট্টগ্রাম ট্রাক ডিপো, বায়েজিদ বোস্তামী, চট্টগ্রাম।
মোবাইল নম্বর: ০১৩২৪২৯৩৯৬০

আলোক চিত্রে বিআরটিসি

ব্র্যাক-এর মহিলা ড্রাইভিং প্রশিক্ষণার্থীদের মাঝে সনদ বিতরণ করেন সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় জনাব ওবায়দুল কাদের, এমপি। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিআরটিসি'র সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম।

২৫/০৫/২০২২ ইং তারিখে দক্ষিণ সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র জনাব ফজলে নূর তাপস মহোদয়ের সাথে সৌজন্য সাক্ষাত করেন বিআরটিসি'র সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম। এ সময়ে নগর পরিবহন বিষয়সহ বিআরটিসি'র বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়।

গত ১৬/০৬/২০২২ইং তারিখে বিআরটিসির চেয়ারম্যান মহোদয়ের দপ্তরে জনাব শাহজাহান খান, সংসদ সদস্য, মাদারীপুর-২ ও জনাব মোঃ তাজুল ইসলাম, চেয়ারম্যান, বিআরটিসি সৌজন্য সাক্ষাত ও মতবিনিময় সভা করেন।

গত ০৬/০৬/২০২২ ইং তারিখে বিআরটিসির চেয়ারম্যান মহোদয়ের দপ্তরে জনাব নাহিম রাজ্জাক, সংসদ সদস্য, শরিয়তপুর-৩ ও জনাব মোঃ তাজুল ইসলাম, চেয়ারম্যান, বিআরটিসি সৌজন্য সাক্ষাত ও মতবিনিময় সভা করেন।

গত ০৬/০৬/২০২২ ইং তারিখে বিআরটিসির চেয়ারম্যান মহোদয়ের দপ্তরে জনাব এ কে এম শাহজাহান কামাল, সংসদ সদস্য, লক্ষ্মীপুর-৩ ও জনাব মোঃ তাজুল ইসলাম, চেয়ারম্যান, বিআরটিসি সৌজন্য সাক্ষাত ও মতবিনিময় সভা করেন।

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সদ্য যোগদানকৃত সম্মানিত সচিব জনাব এবিএম আমিনুল্লাহ নুরী মহোদয়কে বিআরটিসি'র পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা প্রদান করেন বিআরটিসি'র সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম।

আলোক চিত্রে বিআরটিসি

শুদ্ধাচার নীতিমালা ২০২১ এর ০২, ০৩, ও ০৪ অনুযায়ী সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতাধীন বিআরটিসি'র সংস্থা প্রধান বিআরটিসি'র সম্মানিত চেয়ারম্যান জনাব মো: তাজুল ইসলাম মহোদয়কে ২০২১-২২ অর্থ বছরের শুদ্ধাচার পুরস্কার হিসেবে ক্রেস্ট, সনদ ও চেক প্রদান করেন সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মানিত সচিব জনাব মোঃ নজরুল ইসলাম।

ভৌত অবকাঠামো বিভাগের সম্মানিত সদস্য (সচিব) জনাব মোঃ মামুন আল রশীদ মহোদয়ের সাথে সৌজন্য সাক্ষাত করেন বিআরটিসি'র সম্মানিত চেয়ারম্যান জনাব মো: তাজুল ইসলাম।

২৮ মে ২০২২ তারিখ শনিবার সকাল ১২:০০ ঘটিকায় বিআরটিসি প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মানিত সচিব জনাব মোঃ নজরুল ইসলাম মহোদয়ের অবসর-উত্তর ছুটি উপলক্ষ্যে বিআরটিসি কর্তৃক সম্বর্ধনা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান।

গত ২৮/০৬/২০২২ তারিখ বেলা- -২.৩০ ঘটিকায় সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সাথে বিআরটিসির বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২২-২০২৩ সম্পাদিত হয়।

বিআরটিসি'র সম্মানিত চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে অত্র দপ্তরের সম্মেলন কক্ষে সকাল ১১:৩০ ঘটিকায় বিআরটিসি'র গুরুত্বপূর্ণ কার্যক্রম পরিচালনার বিষয়ে পরিচালান পর্ষদের ২৯২তম (আইন ২০২০ অনুযায়ী ৪র্থ) সভা অনুষ্ঠিত হয়।

গত ১৪/০৬/২০২২ তারিখ অত্র দপ্তরের সম্মেলন কক্ষে বিআরটিসি'র সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম বিআরটিসি'র কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদান করেন।

আলোক চিত্রে বিআরটিসি

২৬ জুন ২০২২ তারিখ রবিবার সকাল- ০৯:৩০ ঘটিকায় বিআরটিসি বাস টার্মিনাল (সিবিএস-২) ফুলবাড়ীয়া, ঢাকায় আধুনিক টিকিট কাউন্টার এর শুভ উদ্বোধন করেন বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম। অনুষ্ঠানে বিআরটিসির উর্ধ্বতন কর্মকর্তাগণ, ডিপো/ইউনিটের ইউনিট প্রধান ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

গত ২৮/০৬/২০২২ তারিখ সকাল- ১১.০০ ঘটিকায় বিআরটিসির সম্মেলন কক্ষে বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি) এর প্রধান কার্যালয়ের সাথে মাঠ পর্যায়ের বিআরটিসির ডিপো/ইউনিটসমূহের সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২২-২০২৩ সম্পাদিত হয়।

গত ২৮/০৬/২০২২ তারিখ সকাল- ১০.০০ ঘটিকায় বিআরটিসির সম্মেলন কক্ষে আসন্ন ঈদুল আযহা ২০২২ উপলক্ষ্যে ঘরমুখো মানুষের নির্বিঘ্নে যতায়াতের লক্ষ্যে করণীয় বিষয়ে বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়।

০৩ জুলাই ২০২২ তারিখ রবিবার সকাল- ১০.০০ ঘটিকায় সিপিএফ, গ্রাচুইটি ছুটিনগদায়ন বাবদ বিআরটিসির অবসরপ্রাপ্ত ৪৩৪জন কর্মকর্তা-কর্মচারীদের মাঝে ৫কোটি টাকা বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করেন।

বিআরটিসি প্রশিক্ষণ ইনস্টিটিউট, তেজগাঁও এর প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শন করেন এবং প্রশিক্ষণ সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণার্থীদের দিকনির্দেশনা প্রদান করেন কর্ণেল মোঃ জাহিদ হোসেন, পরিচালক (কারিগরী), বিআরটিসি।

বিআরটিসি মিরপুর প্রশিক্ষণ কেন্দ্রে মোটর ড্রাইভিং প্রশিক্ষণের জন্য জয়িতা ফাউন্ডেশনের ১৫ এবং ১৬তম ব্যাচের শুভ উদ্বোধন করেন জয়িতা ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব আফরোজা খান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মেজর মোঃ মোক্তারুজ্জামান, জিএম (আইসিডব্লিউএস)।

আলোক চিত্রে বিআরটিসি

সড়ক পরিহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ওবায়দুল কাদের, এমপি ০৩ ফেব্রুয়ারি ২০২২ তারিখে বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন ভবন আধুনিকায়ন ও বঙ্গবন্ধু, মুক্তিযুদ্ধ ও বাংলাদেশ কর্ণার এর শুভ উদ্বোধন করেন এবং বিআরটিসি কর্মকর্তা-কর্মচারীদের উদ্দেশ্যে ও দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন।

গত ০৩/০১/২০২২ ইং তাং জনপ্রশাসন মন্ত্রণালয়ের সভাকক্ষে সরকারি যানবাহন অধিদপ্তর হতে বিনামূল্যে গাড়ি সরবরাহ/হস্তান্তর উপলক্ষে Memorandum of Understanding স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী, জনাব ফরহাদ হোসেন এমপি।

সড়ক পরিহন ও মহাসড়ক বিভাগের সম্মানিত সচিব মহোদয় ১২ ফেব্রুয়ারি ২০২২ তারিখে কেন্দ্রীয় প্রশিক্ষন ইনস্টিটিউট, গাজীপুর এর ভবন ও গেট আধুনিকায়নের শুভ উদ্বোধন, গাজীপুর বাস ডিপো ও মেরামত কারখানা পরিদর্শন করেন এবং প্রশিক্ষণার্থীদের মাঝে লাইসেন্স বিতরণ করেন।

গত ০৫/০১/২০২২ তারিখ বিআরটিসি যাত্রাবাড়ী বাস ডিপোর প্রশাসনিক ভবনের শুভ উদ্বোধন করেন বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম।

গত ০৮/০১/২০২২ তারিখ কেন্দ্রীয় প্রশিক্ষণ ইনিস্টিটিউট, গাজীপুরে পদ্মা সেতু প্রকল্পের আওতায় মোটরযান ড্রাইভিং এবং গাড়ি রক্ষণাবেক্ষণ ৪র্থ রাউন্ড প্রশিক্ষণ এর শুভ উদ্বোধন এবং কর্পোরেশনে নিয়োজিত চালকদের রিফ্রেশার ট্রেনিং এর সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম।

গত ০৫/০১/২০২২ তারিখ বিআরটিসি নারায়নগঞ্জ প্রশিক্ষণ কেন্দ্রের ড্রাইভিং প্রশিক্ষণ ভবনের শুভ উদ্বোধন করেন বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম।

আলোক চিত্রে বিআরটিসি

২১ মার্চ ২০২২ তারিখ বিআরটিসির সম্মেলন কক্ষে সোমবার বেলা- ০২:৩০ ঘটিকায় বিআরটিসি'র সক্ষমতা বৃদ্ধি ও শুদ্ধাচার বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ নজরুল ইসলাম, সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং সভাপতিত্ব করেন জনাব মোঃ তাজুল ইসলাম, চেয়ারম্যান, বিআরটিসি।

২৬/০২/২০২২ তারিখে বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে কেন্দ্রীয় প্রশিক্ষণ ইনস্টিটিউট, গাজীপুরে জানুয়ারী ২০২২ মাসের মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। সভাশেষে সমন্বিত কেন্দ্রীয় মেরামত কারখানা ও গাজীপুর বাস ডিপোর নবনির্মিত গেইট, সিলেট বাস ডিপোর এসি বাসের উদ্বোধন করেন।

১৭/০৩/২০২২ খ্রিঃ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ১০২ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অতিরিক্ত সচিব জনাব মোঃ আব্দুল্লাহ আল হাসান চৌধুরী।

বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম গত ১৯/০২/২০২২ তারিখ রংপুর বাস ডিপো ও দিনাজপুর বাস ডিপো পরিদর্শন করেন এবং বি আর টি সি ট্রেনিং ইনস্টিটিউট এর শুভ উদ্বোধন করেন চেয়ারম্যান মহোদয়।

আলোক চিত্রে বিআরটিসি

এপিএ ২০২১-২২ বাস্তবায়নে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অংশীজন সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ নজরুল ইসলাম, সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

এপিএ ২০২১-২২ বাস্তবায়নে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে অংশীজন সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ নজরুল ইসলাম, সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ২০২২ উপলক্ষে বিআরটিসি তেজগাঁও ট্রেনিং ইনষ্টিটিউটে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম।

২৮/০৩/২০২২খ্রিঃ তারিখে বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে প্রধান কার্যালয়ের সভাকক্ষে বিআরটিসি পরিচালনা পর্ষদের ২৯১ তম (আইন ২০২০ অনুযায়ী ৩য়) সভা অনুষ্ঠিত হয়।

এপিএ ২০২১-২২ বাস্তবায়নে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে তথ্য অধিকার আইন ও বিধি-বিধান সংক্রান্ত সভায় সভাপতিত্ব করেন বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম।

বর্তমান সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার অঙ্গীকারকে বাস্তবরূপ দেয়ার লক্ষ্যে বিআরটিসি'র বিভিন্ন প্রশিক্ষণ কেন্দ্রেকম্পিউটার ও ট্যাব প্রদান করেন বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান, জানাব তাজুল ইসলাম।

১৭/০১/২০২২ তারিখে বিআরটিসির সভাকক্ষে অবসরপ্রাপ্ত কর্মকর্তা কর্মচারীদের গ্র্যাচুইটি/সিপিএফ এর অর্থ Online Banking এর মাধ্যমে প্রদান ও শুদ্ধাচার বিষয়ক সভায় প্রধান অতিথি হিসেবে অনলাইনে উপস্থিত ছিলেন, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মানিত সচিব জনাব মোঃ নজরুল ইসলাম।

০৩/০৪/২০২২ তারিখে বিআরটিসির সভাকক্ষে অবসরপ্রাপ্ত কর্মকর্তা কর্মচারীদের গ্র্যাচুইটি, সিপিএফ ও ছুটিনগদায়নের অর্থ Online Banking এর মাধ্যমে প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কর্ণেল মোঃ জাহিদ হোসেন, পরিচালক (কারিগরী), বিআরটিসি।

আলোক চিত্রে বিআরটিসি

গত ১৮/১০/২০২১ সোমবার সকাল ১১:০০ ঘটিকায় "শেখ রাসেল জাতীয় শিশু দিবস" উপলক্ষে একটি আলোচনা সভায় অনুষ্ঠিত হয়।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান খান, এম.পি মহোদয়ের সাথে বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান এর সৌজন্য সাক্ষাত।

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মানিত সচিব এর নির্দেশনায় এবং বিআরটিসি'র চেয়ারম্যান মহোদয়ের তত্ত্বাবধানে ২২ অক্টোবর ২০২১ তারিখে নিরাপদ সড়ক দিবস উপলক্ষ্যে ভবন ও রাস্তার পাশে বিভিন্ন ব্যানার, ফেষ্টুন দিয়ে সু-সজ্জিত করা হয়।

সেবা সহজিকরণ কর্মশালা- ২০২১-২০২২ এর শুভ উদ্বোধন করেন বিআরটিসি'র সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম।

SEIP এর সম্মানিত পিডি, ডিপিডি এবং পিএমবিএল ও বিআরটিসির কর্মকর্তাবৃন্দ টুংগিপাড়া ট্রেনিং ইনস্টিটিউটের কার্যক্রম পরিদর্শন জাতির পিতা বঙ্গবন্ধুর মাজার জিয়ারত করেন।

সদ্য নিয়োগপ্রাপ্ত ডেপুটি ম্যানেজার (টেকঃ), হিসাব অফিসার ও অন্যান্য কর্মকর্তাদের সার্বিক বিষয়ের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়।

আলোক চিত্রে বিআরটিসি

গত ০৪ ডিসেম্বর ২০২১ তারিখে গাজীপুরে বিআরটিসি কেন্দ্রীয় প্রশিক্ষণ ইনস্টিটিউট এর আধুনিক হলরুম এর শুভ উদ্বোধন করেন বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি) এর মাননীয় চেয়ারম্যান মহোদয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের (অতিরিক্ত সচিব) জনাব মোঃ তাজুল ইসলাম।

গত ২৯/১১/২০২১ ইং তারিখ চেয়ারম্যান বিআরটিসির সভাপতিত্বে প্রধান কার্যালয় এর সভাকক্ষে বিআরটিসির পরিচালনা পর্ষদের ২৯০ তম (আইন ২০২০ অনুযায়ী ২য়) সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সকল সদস্যগন চলমান কার্যক্রমের ভূয়সী প্রশংসা করেন। চেয়ারম্যান মহোদয় বিআরটিসিকে কাঙ্খিত মানে পৌঁছানোর লক্ষ্যে পরিচালনা পর্ষদ এর সম্মানিত সদস্যগণ এর একান্ত সহযোগিতা কামনা করেন। পরিশেষে সকল সদস্যদের সম্মাননা ক্রেষ্ট প্রদান ও উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে গত ২২/১১/২১ তারিখে বিআরটিসির সম্মেলন কক্ষে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি APA বিষয়ক সভা অনুষ্ঠিত হয়। এ উপলক্ষে প্রধান কার্যালয়ের APA কমিটির সকল সদস্যগণ উপস্থিত ছিলেন।

বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম স্যারের নির্দেশনায় বিআরটিসি চালক ও নিরাপত্তা প্রহরীদের ইউনিফর্ম প্রদান করা হয়।

গত ২০/১২/২১ইং তারিখ বিআরটিসি'র সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম চট্টগ্রাম ট্রাক ডিপোতে আয়োজিত শুদ্ধাচার ও সর্বোচ্চ রাজস্ব উপার্জনকারী চালকদের পুরস্কার বিতরণ করেন, পাশাপাশি চট্টগ্রাম বাস ডিপো ও নব নির্মিত ট্রেনিং সেন্টার পরিদর্শন করেন।

আলোক চিত্রে বিআরটিসি

কুড়িল বিশ্বরোড-গাউছিয়া রোডে নতুন আঙ্গিকে আটিকুলেটেড বাস সার্ভিসের শুভ উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান (অতিরিক্ত সচিব) জনাব মোঃ তাজুল ইসলাম। প্রধান অতিথির বক্তব্যে চেয়ারম্যান মহোদয় ৩ নভেম্বর জাতীয় জেল হত্যা দিবসে, শহিদ জাতীয় ০৪ নেতার বিদেহী আত্মার শান্তি কামনা করে, উপস্থিত সবার উদ্দেশ্যে বলেন যাত্রী সেবার মান উন্নয়ন এর লক্ষ্যে বিআরটিসি সারাদেশ ব্যাপি একযোগে কাজ করে যাচ্ছেন, ভবিষ্যতে আরো ভালো পরিবহন সেবা জনগণের কাছে পৌঁছে দিতে সকল কর্মকর্তা কর্মচারীদের দেশ প্রেমের মন মানসিকতা বুকে ধারণ করে কাজ করার আহব্বান জানান।

১১/১২/২১ইং তারিখে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রনালয় তত্ত্বাবধানে বিআরটিসি জোয়ার সাহারা বাস ডিপোতে আয়োজিত "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মজীবনী ও কীর্তি" বিষয়ক রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের মাঝে পুরস্কার প্রদান করেন জনাব আব্দুল মালেক, অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষ্যে সওজ প্রশিক্ষণ কেন্দ্র,মিরপুর-এ গত ০৬/১২/২০২১ তারিখে সেচ্ছায় রক্তদান কর্মসুচি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ নজরুল ইসলাম,সচিব মহোদয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং সভাপতিত্ব করবেন প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম। উক্ত রক্তদান কর্মসূচিতে বিআরটিসি'র কর্মকর্তা-কর্মচারীগণ সেচ্ছায় রক্তদান করেন।

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মানিত সচিব জনাব মোঃ নজরুল ইসলাম গত ১৮/০৯/২০২১ তারিখ বিআরটিসি বরিশাল বাস ডিপো এবং গত ২০/০৯/২০২১ তারিখ যশোর প্রশিক্ষণ কেন্দ্রের সার্বিক কার্যক্রম পরিদর্শন করেন।

বিভিন্ন ইলেক্ট্রনিক্স মিডিয়ায় চেয়ারম্যান মহোদয়ের সাক্ষাতকারের চিত্র

বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান মহোদয় (অতিরিক্ত সচিব) জনাব মোঃ তাজুল ইসলাম শিক্ষার্থীদের কাছ থেকে ৫০% ভাড়ার বিষয়ে **বিটিভিতে** সরাসরি স্বাক্ষাতকার প্রদান করেন।

বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান **নাগরিক টিভিতে** বিআরটিসিসহ সকল বাস মালিকদের যথাযথ নিয়ম অনুসরণ করে সুন্দর ও সুষ্ঠুভাবে বাস পরিচালনার স্বাক্ষাতকার প্রদান করেন।

সড়ক পরিবহন ব্যবস্থার সামগ্রিক বিষয় নিয়ে বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম **সময় টিভিতে** স্বাক্ষাতকার প্রদান করেন।

বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান মহোদয় (অতিরিক্ত সচিব) জনাব মোঃ তাজুল ইসলাম সাম্প্রতিক সময়ে **ঢাকা পোস্ট-এ** বিআরটিসি'র সার্বিক কার্যক্রম বিষয়ে স্বাক্ষাতকার প্রদান করেন।

বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান মহোদয় (অতিরিক্ত সচিব) জনাব মোঃ তাজুল ইসলাম সাম্প্রতিক সময়ে **আরটিভিতে** গণপরিবহনে নারীদের হয়রানী বিহীন যাতায়াত বিষয়ে স্বাক্ষাতকার প্রদান করেন।

স্বল্প মূল্যে, নিরাপদ আদর্শ ও উন্নততর যাত্রী সেবা প্রদানের বিষয়ে **৭১ টিভি'তে** সরাসরি স্বাক্ষাতকার প্রদান করেন বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান মহোদয় (অতিরিক্ত সচিব) জনাব মোঃ তাজুল ইসলাম।

আলোক চিত্রে বিআরটিসি

গত ১৭ অক্টোবর ২০২১ তারিখে বিআরটিসি ট্রেনিং ইনস্টিটিউট, তেজগাঁও-এ মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ (২য় সংশোধিত) প্রকল্পের আওতায় মোটর ড্রাইভিং প্রশিক্ষণ কার্যক্রম এর শুভ উদ্বোধন করেন জনাব রাম চন্দ্র দাস, মহাপরিচালক (গ্রেড-১), মহিলা বিষয়ক অধিদপ্তর, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান মহোদয়। অনুষ্ঠানে এ প্রকল্পের সাথে সংশ্লিষ্ট ট্রেনিং ইনস্টিটিউট/সেন্টারের কর্মকর্তা ও প্রশিক্ষণার্থীগণ অনলাইনে সংযুক্ত ছিলেন।

ডিজিটাল বাংলাদেশ দিবস-২০২১ দিবস উপলক্ষে ১২ ডিসেম্বর ২০২১ তারিখে বর্ণাঢ্য র‍্যালিতে বিআরটিসির কর্মকর্তা-কর্মচারীগণ অংশগ্রহণ করেন।

গত ২১/১২/২১ইং তারিখে বিআরটিসি'র খুলনা বাস ডিপোর পরিদর্শন করেন জনাব এস এম মাসুদুল হক, পরিচালক (অর্থ ও হিসাব), বিআরটিসি।

বিআরটিসির সভাকক্ষে মহান বিজয় দিবস-২০২১ উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভায় সভাপতিত্ব করেন বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম। অনলাইনে সকল ইউনিট/ডিপো প্রধানদের যথাযথ মর্যাদায় বিজয় দিবস পালন করার নির্দেশনা প্রদান করেন।

বিভিন্ন রুটে পরিচালিত বিআরটিসি বাসে ভাড়ার চার্ট ও যাত্রীদের কাছ থেকে অতিরিক্ত ভাড়া আদায় হচ্ছে কি-না এবং ছাত্র-ছাত্রীদের কাছ থেকে হাফ ভাড়া নেয়া হচ্ছে কি-না এ বিষয়ে বিআরটিসির কর্মকর্তাগণ বাস পরিদর্শন করেন।

আলোক চিত্রে বিআরটিসি

১৬/১২/২০২১ খ্রীঃ মহান বিজয় দিবস, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও মুজিব জন্মশত বার্ষিকী উপলক্ষে, ঢাকা ট্রাক ডিপোতে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান, (অতিরিক্ত সচিব) জনাব মোঃ তাজুল ইসলাম ও বিশেষ অতিথি জনাব মোঃ সাইদুর রহমান, জিএম প্রশাসন, বিআরটিসি। এ উপলক্ষে প্রধান কার্যালয়-এ আলোক সজ্জা ও ব্যানারের মাধ্যমে দৃষ্টিনন্দন করা হয় এবং বিআরটিসি সকল ডিপো ইউনিটে আলোক সজ্জা, আলোচনা সভা, মিলাদ-দোয়া মাহফিল ও বিজয় র‍্যালী ও পুষ্পস্তবক অর্পনের মাধ্যমে এ দিবসটি যথাযথ মর্যাদা প্রদর্শনপূর্বক দিবসটি উদযাপন করা হয়।

আয় বৃদ্ধি ব্যায় সংকোচন এবং সেবার মান উন্নয়নের লক্ষ্যে গত ২০/০৯/২০২১ তারিখ সকাল-১১.০০ ঘটিকায় অনলাইনে দিকনির্দেশনামূলক সভায় প্রধান অতিথি হিসেবে অংশ গ্রহন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ওবায়দুল কাদের এম পি।

সদ্য নিয়োগপ্রাপ্ত কারিগরদের ওরিয়েন্টেশন কোর্সের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কর্পোরেশনের পরিচালক কারিগরি মহোদয়।

সদ্য নিয়োগপ্রাপ্ত চালকগণের ওরিয়েন্টেশন কোর্সের শেষ ব্যাচের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব বিষ্ণু কুমার সরকার

আলোক চিত্রে বিআরটিসি

স্বাধীনতার মহান স্থপতি, বাঙ্গালী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে অনুষ্ঠিত আলোচনা সভা ও দোয়া মাহফিলে গত ২৬/০৮/২১ ইং তারিখ প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালী অংশ গ্রহন করেন সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ওবায়দুল কাদের এম.পি.। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে সংযুক্ত হন সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মানিত সচিব জনাব মোঃ নজরুল ইসলাম। সভাপতিত্ব করেন বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম।

গত ১১-০৮-২০২১ ইং তারিখ সড়ক পরিবহন আইন ২০২০ এর ৮ ধারা মোতাবেক বিআরটিসির পরিচালনা পর্ষদের প্রথম সভা অনলাইনে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম। সভায় পরিচালনা পর্ষদের ২১ জন সদস্যের মধ্যে বিভিন্ন মন্তনালয়/দপ্তর/সংস্থার ১৩ জন, বীর মুক্তিযোদ্ধা ও জাতীয় প্রেস ক্লাবের সভাপতি সহ বেসরকারি ০৮ জন সদস্য উপস্থিত/সংযুক্ত ছিলেন।

সাত বিভাগীয় শহরে হবে নারীদের গাড়ি চালানোর প্রশিক্ষণ দেওয়ার লক্ষ্যে গত ২৩/০৯/২০২১ তারিখ মহিলাবিষয়ক অধিদপ্তরের পক্ষে এর মহাপরিচালক রাম চন্দ্র দাস ও বাংলাদেশ সড়ক পরিবহন করপোরেশনের পক্ষে এর চেয়ারম্যান মো. তাজুল ইসলাম সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

গত ১৯/০৯/২০২১ ইং তারিখ বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম BTV তে লাইভ সাক্ষাৎকারে বিআরটিসি চক্রাকার বাস সার্ভিস এবং সমসাময়িক বিষয়ে আলোচনা করেন।

আলোক চিত্রে বিআরটিসি

বিআরটিসি'র সন্মানিত চেয়ারম্যান এবং পরিচালক (কারিগরি) মহোদয়সহ সংশ্লিষ্ট সকল কর্মকর্তার আন্তরিক প্রচেষ্টায় সমন্বিত কেন্দ্রীয় মেরামত কারখানা, গাজীপুর-এ কর্পোরেশনের গাড়িসমুহের ভারী মেরামত কাজ সম্পন্ন করা হয়েছে।

২৬তম আন্তর্জাতিক বাণিজ্য মেলা-২০২২ উপলক্ষ্যে বিআরটিসি শাটল বাস সার্ভিসের শুভ উদ্বোধন করেন বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম।

গত ০৮/০৯/২১ ইং তারিখ সকাল-১১.০০ ঘটিকায় মতবিনিময় সভা ও অনলাইনে ৩৯০ জন শ্রমিক কর্মচারীকে তিন কোটি বিশ লক্ষ টাকা সিপিএফ ও গ্র্যাচুইটি প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব মোঃ আব্দুল্লাহ আল হাসান চৌধুরী।

গত ২৫/০৯/২০২১ তারিখ জনাব মোঃ তাজুল ইসলাম, চেয়ারম্যান বিআরটিসি বরিশাল বাস ডিপোর সার্বিক কার্যক্রম পরিদর্শন, সকল কর্মকর্তা কর্মচারীদের সাথে আলোচনা ও বৃক্ষরোপণ করেন।

আলোক চিত্রে বিআরটিসি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব, বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান মহোদয়ের দিক নির্দেশনায়, স্বাধীনতার মহান স্থপতি, বাঙ্গালী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে বিআরটিসি'র প্রধান কার্যালয়সহ সকল ডিপো/ইউনিট-এ শোকের সাজে সজ্জিত করা এবং ১ লা আগস্ট থেকে সারামাস ব্যাপি বিনম্র শ্রদ্ধা ও ভাব গাম্ভীর্যের সাথে শোকাবহ মাস পালন করা হয়।

বিআরটিসি জোয়ার সাহারা বাস ডিপো কর্তৃক আয়োজিত, স্বাধীনতার মহান স্থপতি, বাঙ্গালী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে গত ২৮/০৮/২১ ইং তারিখ আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলংকৃত করেন বিআরটিসির মাসম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম।

গত ২১/০৮/২০২১ তারিখ জাতীয় শোক দিবস ও ২১ আগস্ট বর্বরোচিত গ্রেনেট হামলায় শহীদদের স্মরণে আলোচনা ও দোয়া মাহফিল-এ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান।

আধুনিক ও ডিজিটাল বাংলাদেশ গড়ার রূপকার গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার ৭৫তম শুভ জন্মদিন উপলক্ষে বাংলাদেশ সড়ক পরিবহণ কর্পোরেশন (বিআরটিসি) ২৮ সেপ্টেম্বর ২০২১ তারিখ বিকাল-০৪.০০ ঘটিকায় জনাব মোঃ তাজুল ইসলাম চেয়ারম্যান, বিআরটিসি'র নেতৃত্বে প্রধান কার্যালয়সহ সকল ডিপো/ইউনিটে মাননীয় প্রধানমন্ত্রীর দীর্ঘায়ু ও সুসাস্থ্য কামনায় মিলাদ ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

আলোক চিত্রে বিআরটিসি

২৯/০৯/২০২১ ইং তাং প্রধান কার্যালয়ের সভাকক্ষে জনাব মোঃ তাজুল ইসলাম, চেয়ারম্যান বিআরটিসির সভাপতিত্বে মাসিক সমন্বয় সভায় ১০জন কর্মকর্তা-কর্মচারীদের বিভিন্ন ক্যাটাগরীতে পুরস্কার ও সদনপত্র প্রদান করা হয়।

১৫ ই আগস্ট জাতীয় শোক দিবসে মতিঝিল বাস ডিপোতে মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব মোঃ আব্দুল্লাহ আল হাসান চৌধুরী।

ডেপুটি ম্যানেজার (কারিগরি) ও হিসাব রক্ষন কর্মকর্তা ও কারিগর- এ (জেনারেল ও ট্রেড), কারিগর- বি (জেনারেল ও ট্রেড), কারিগর- সি (জেনারেল ও ট্রেড) ও চালক নিয়োগ পরিক্ষায় বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম নিজে উপস্থিত হয়ে নিয়োগ কার্যক্রম পর্যবেক্ষণ করেন।

বিআরটিসি'র পরিচালক (কারিগরী) মহোদয় বিআরটিসি গাজীপুর ট্রেনিং ইনস্টিটিউট, মেরামত কারখানা ও বাস ডিপো পরিদর্শন করেন।

বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম এর দিক নির্দেশনায় বিআরটিসির সকল ডিপো/ইউনিটে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের অগ্নি নির্বাপক ট্রেনিং করানো হয় এবং মাদকের ক্ষতিকর বিভিন্ন দিক নিয়ে সচেতনতা মূলক আলোচনা ও লিফলেট বিতরণ করা হয়।

ভবিষ্যৎ পরিকল্পনা

- ইলেক্ট্রিক ভেহিকলসহ নতুন মডেলের বাস বিআরটিসি বহরে সংযুক্ত করা;
- আধুনিক সুবিধা সম্বলিত অফিস ভবনসহ কর্মচারিদের আবাসন ভবন নির্মাণ;
- ডিপোসমূহে (বাস/ট্রাক) ওয়াশিং প্ল্যান্ট স্থাপন;
- তেজগাঁও কেন্দ্রীয় মেরামত কারখানা এবং গাজীপুর সমন্বিত কেন্দ্রীয় মেরামত কারখানা যুগোপযোগী ও আধুনিকায়ন;
- পর্যায়ক্রমে সকল রুটে যাত্রী পরিবহণে দ্রুত ই-টিকেটিং সিস্টেম চালু করা;
- সকল ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহীতা নিশ্চিতকরণ এবং অনিয়ম দূর করার জন্য দৈনন্দিন কার্যক্রমসহ ডিপো ব্যবস্থাপনায় অটোমেশন সিস্টেম চালু করা;
- বাংলাবান্ধা ও সিরাজগঞ্জে নতুন ২টি বাস ডিপো এবং খুলনা ও বগুড়ায় ২টি ট্রাক ডিপো স্থাপন;
- বরিশাল-কোলকাতা, চট্টগ্রাম-কোলকাতা ও ঢাকা-গ্যাংটক (সিকিম)-দার্জিলিং, ঢাকা-নেপাল আন্তজার্তিক বাস রুট চালু করা;
- বাস ও ট্রাকের অনলাইন History book চালু করার মাধ্যমে গাড়ীর তথ্য আপডেট রাখা।

চ্যালেঞ্জসমূহ

- শূন্য পদে জনবল নিয়োগ;
- নতুন মডেলের গাড়ী বিআরটিসি বহরে সংযুক্ত করা;
- নিয়মিত বেতন-ভাতাদি পরিশোধ করা;
- বকেয়া বেতন, সিপিএফ, গ্র্যাচুইটি ও ছুটিনগদায়ন পরিশোধ করা;
- দুর্নীতি শূণ্যের কোঠায় নামিয়ে আনা;
- মালিক সমিতি ও বেসরকারী মালিক পক্ষের সাথে সম্পর্ক স্থাপনের মাধ্যমে ১০০% রুট পরিচালনা করা;
- রাজস্ব বৃদ্ধি করা;
- ব্যয় সংকোচন করা এবং
- যাত্রী সেবার মান উন্নয়ণ করা।

বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি)

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

www.brtc.gov.bd